www.banglajobgudekhtp:me/SuccessSummJoin http:me/BanglaJobGuide htp:me/BangoSongbad

রেলে ৬২৯০৭ গ্রুপ 'সি' পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর _পৃঃ ১০

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765
www.ekarmakshetra.com

বর্ষ ৩৮ সংখ্যা ৪৩ কলকাতা শুক্রবার, ২৫ মে ২০১৮/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১০ জ্যৈষ্ঠ ১৪২৫ দাম ₹ ৪.০০ ১৬ পাতা R. N. 37120/80

রাজ্য পুলিশে ২৫৫০ মহিলা কনস্টেবল পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর _পৃঃ ১০

## রাজ্যের সরকারি হাসপাতালে ২৮৪২

### মেডিক্যাল টেকনোলজিস্ট, ফার্মাসিস্ট এবং ফিজিওথেরাপিস্ট

মেডিক্যাল টেকনোলজিস্ট, ফার্মাসিস্ট এবং ফিজিওথেরাপিস্ট পদে ২,৮৪২ জন কর্মী নেবে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবারকল্যাণ দপ্তর। নিয়োগ করা হবে ওয়েস্ট বেঙ্গল হেলথ সার্ভিসে। প্রার্থী বাছাই করবে ওয়েস্ট বেঙ্গল হেলথ রিক্রুটমেন্ট বোর্ড। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: R/MT/Phar/Physio/48/2018.

শূন্যপদের বিবরণ: **মেডিক্যাল টেকনোলজিস্ট গ্রেড-থ্রি:** সিরিয়াল নম্বর ১: **ক্রিটিক্যাল কেয়ার:** ৫১৭টি (সাধারণ ২৬৫, তফসিলি জাতি ১১৫, তফসিলি উপজাতি ৩২, ও বি সি-এ ৫৩, ও বি সি-বি ৩৬, দৈহিক প্রতিবন্ধী ১৬)। **এক্স-রে (রেডিওডায়াগনস্টিক্স):** ২১৫টি (সাধারণ ১০৯, তফসিলি জাতি ৪৯, তফসিলি উপজাতি ১৩, ও বি সি-এ ২১, ও বি সি-বি ১৬, দৈহিক প্রতিবন্ধী ৭)। **ই সি জি:** ৩০২টি (সাধারণ ১৫৪, তফসিলি জাতি ৬৮, তফসিলি উপজাতি ১৮, ও বি সি-এ ৩০, ও বি সি-বি ২২, দৈহিক প্রতিবন্ধী ১০)। **ডায়ালিসিস:** ৩৪টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ২, ও বি সি-এ ৩, ও বি সি-বি ৩, দৈহিক প্রতিবন্ধী ১)। **পারফিউশনিস্ট:** ৩৭টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ২, ও বি সি-এ ৪, ও বি সি-বি ৩, দৈহিক প্রতিবন্ধী ২)। **রেডিওথেরাপিস্ট:** ৬৩টি (সাধারণ ৩০, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৪, ও বি সি-এ ৬, ও বি সি-বি ৬, দৈহিক প্রতিবন্ধী ২)। **ক্যাথ ল্যাব:** ৩২টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ২, ও বি সি-এ ৩, ও বি সি-বি ৩, দৈহিক প্রতিবন্ধী ১)। **ই ই জি/ ই এম জি:** ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১, ও বি সি-বি ১)।

সিরিয়াল নম্বর ২: ল্যাব: ৭২৫টি (সাধারণ ৩৭৩, তফসিলি জাতি ১৬২, তফসিলি উপজাতি ৪৩, ও বি সি-এ

এরপর চোদ্দোর পাতায়

ইন্দিরা গান্ধী সেন্টার ফর অ্যাটমিক রিসার্চে

## ২১০ স্টাইপেন্ডারি ট্রেনি, ক্লার্ক ও স্টেনোগ্রাফার

বিভিন্ন শাখায় ২০৯ জন স্টাইপেন্ডারি ট্রেনি নেবে হেভি ওয়াটার বোর্ড। এটি কেন্দ্রীয় সরকারের অ্যাটমিক এনার্জি দপ্তরের অধীনস্থ একটি সংস্থা। ক্যাটেগরি ওয়ান এবং ক্যাটেগরি টুয়ে নিয়োগ করা হবে কেমিক্যাল, মেকানিক্যাল, প্লান্ট অপারেটর, ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল (ফিটার)-সহ বিবিধ ডিসিপ্লিনে। প্রথমে ২ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: HWB/1/2018.

শাখা অনুসারে শূন্যপদ: **ক্যাটেগরি-ওয়ান: কেমিক্যাল:** শূন্যপদ ৩৫টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১৩)। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

এরপর চোদ্দোর পাতায়

পূর্ব মেদিনীপুর জেলায় নার্স ও ডাক্তার _পৃঃ ১৪

ইন্ডিয়ান অয়েলে জুনিয়র ডাক্তার _পৃঃ ১৪

স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার প্রতি মাসেই ৫০০০ টাকা বিস্তারিত ৫ পাতায়

## পশ্চিমবঙ্গের ২১৭৫ তরুণ-তরুণীকে নার্সিং ট্রেনিং

রাজ্যের সরকারি নার্সিং ট্রেনিং স্কুলগুলিতে তিন বছরের জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি ট্রেনিং কোর্সে ভর্তি নেওয়া হচ্ছে। কোর্স শুরু হবে সেপ্টেম্বরে। এই ট্রেনিংয়ের বিজ্ঞপ্তি নম্বর এইচ এন জি/৪ টি-৩৮-২০১৮/৪৩৯।

আসনসংখ্যা ২,১৭৫— তরুণীদের জন্য ২,১০৫টি, তরুণদের জন্য ৭০টি। তফসিলি জাতির প্রার্থীদের জন্য মোট আসনের ২২ শতাংশ, তফসিলি উপজাতিদের জন্য ৬ শতাংশ, ও বি সি-এ প্রার্থীদের জন্য ১০ শতাংশ, ও বি সি-বি প্রার্থীদের জন্য ৭ শতাংশ, সমাজকল্যাণ দপ্তর কর্তৃক স্বীকৃত অনাথ আশ্রমে বসবাসকারী মহিলা প্রার্থীদের জন্য ২ শতাংশ এবং মহিলা সিভিল ডিফেন্স ভলান্টিয়ার্স প্রার্থীদের জন্য মোট আসনের ২.৫ শতাংশ সংরক্ষিত থাকবে।

যে-জেলার শূন্য আসনে আবেদন করবেন, প্রার্থীকে অবশ্যই আবেদনের দিন পর্যন্ত পশ্চিমবঙ্গের সেই নির্দিষ্ট জেলায় একটানা ৫ বছর স্থায়ীভাবে বসবাস করে থাকতে হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক বা সমতুল। বাংলা বা নেপালি ভাষা লিখতে, পড়তে এবং বলতে জানতে হবে।

উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় আবশ্যিক বিষয়ে প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে মেধাতালিকা তৈরি করা হবে। ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক উত্তীর্ণরা আবেদন করবেন না।

**বয়স:** ১-১-২০১৮ তারিখে ১৭ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে।

এরপর পনেরোর পাতায়

সাউথ ইন্ডিয়ান ব্যাঙ্কে

## ১৫০ প্রবেশনারি অফিসার

১৫০ জন প্রবেশনারি অফিসার নেবে সাউথ ইন্ডিয়ান ব্যাঙ্ক। নিয়োগ হবে স্কেল ওয়ানে। প্রবেশন ২ বছরের। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। মাধ্যমিক থেকে স্নাতক— সবক'টি স্তরেই ৬০ শতাংশ করে নম্বর পেয়ে থাকতে হবে। **বয়স:** ৩১-১২-২০১৭ তারিখে ২৫ বছরের নীচে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ১-১-১৯৯৩ থেকে ৩১-১২-১৯৯৮-এর মধ্যে। তফসিলিরা ৫ বছর বয়সের ছাড় পাবেন। **বেতনক্রম:** ২৩,৭০০-৪২,০২০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ২০০ নম্বরের অনলাইন পরীক্ষা, গ্রুপ

এরপর চোদ্দোর পাতায়

## ন্যাশনাল ফার্টিলাইজার্সে ১১৭ জুনিয়র ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট

প্রোডাকশন, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ও ইনস্ট্রুমেন্টেশন শাখায় ১১৭ জন জুনিয়র ইঞ্জিনিয়ারিং অ্যাসিস্ট্যান্ট (গ্রেড-টু) নেবে ন্যাশনাল ফার্টিলাইজার্স। এটি কেন্দ্রীয় সরকারের আন্ডারটেকিং সংস্থা। নিয়োগ হবে সংস্থার ভাতিন্ডা, পানিপত এবং বিজয়পুর ইউনিটে, গ্রুপ 'সি' ক্যাটেগরিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/2018.

ইউনিট অনুসারে শূন্যপদের বিবরণ: ভাতিন্ডা: পোস্ট কোড ০১: **প্রোডাকশন:** ১০টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৩)। পোস্ট কোড ০২: **মেকানিক্যাল:** ১২টি (সাধারণ ৭, তফসিলি জাতি ৩, ও বি সি ২)। পোস্ট কোড ০৩: **ইলেক্ট্রিক্যাল:** ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ১)। পোস্ট কোড ০৪: **ইনস্ট্রুমেন্টেশন:** ৪টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১)। মোট শূন্যপদের মধ্যে ৭টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

পানিপত: পোস্ট কোড ০১: **প্রোডাকশন:** ৪০টি (সাধারণ ২২, তফসিলি জাতি ৭, ও বি সি ১১)।

এরপর পনেরোর পাতায়

## দিল্লি এইমসে ১৯২ ডাক্তার

১৯২ জন ডাক্তার নেবে দিল্লির অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস (এইমস)। চুক্তিতে নিয়োগ করা হবে ইমার্জেন্সি মেডিসিন, সার্জারি (ট্রমা সেন্টার), ডেন্টাল সার্জারি-সহ বিভিন্ন বিভাগে জুনিয়র রেসিডেন্ট (নন-অ্যাকাডেমিক) পদে। চুক্তির মেয়াদ ২০১৮ সালের ১ জুলাই থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: F.07/2018-Acad.I.

**শূন্যপদ:** ১৯২টি (সাধারণ ৯৫, তফসিলি জাতি ২৯, তফসিলি উপজাতি ১৬, ও বি সি ৫২)। ডেন্টাল ছাড়া বাকি মোট শূন্যপদের মধ্যে ৮টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** এম বি বি এস বা বি ডি এস। কম্পালসরি ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে। সঙ্গে মেডিক্যাল কাউন্সিল অব ইন্ডিয়া বা স্টেট মেডিক্যাল কাউন্সিল বা রাজ্য ডেন্টাল কাউন্সিলে নাম নথিভুক্ত থাকা আবশ্যক। দিল্লি এইমস থেকে এম বি বি এস উত্তীর্ণরা অগ্রাধিকার পাবেন।

১-৭-২০১৫ থেকে ৩০-৬-২০১৮-র মধ্যে এম বি বি এস বা বি ডি এস পাশ প্রার্থীরা আবেদনের যোগ্য।

এর আগে এইমস বা কোনও প্রতিষ্ঠানে জুনিয়র রেসিডেন্ট হিসেবে তিনটি টার্ম সম্পূর্ণ করে থাকলে আবেদন করবেন না। বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.aiims.ac.in

নিয়োগ করা হবে এই সমস্ত

এরপর চোদ্দোর পাতায়

রবীন্দ্রপাঠ ভবন ™
AN ISO 9001:2015 CERTIFIED ORGANISATION
NATIONAL SKILL DEVELOPMENT CORPORATION
NSDC, NCVT, BSS (Govt. Of India)
ITI কোর্সে সরাসরি ভর্তি
NCVT (Govt. Of India) অনুমোদিত
ITI (DRAUGHTSMAN & SURVEYOR)
কোর্স ফি সাধ্যের মধ্যে এবং সহজ কিস্তিতে নেওয়া হয়
100% Placement এর সুবিধাযুক্ত (M) 8335066915
CIVIL ইঞ্জিনিয়ারিং ডিপ্লোমা
জয়েন্ট ছাড়াই সরাসরি ভর্তি চলছে
Duration: A) 3 Years For 10th pass students
B) 2 Years For ITI / NCVT / 10+2 Vocational
নার্সিং ট্রেনিং
ANM - NURSING (2 YEARS)
মাধ্যমিক / উচ্চ মাধ্যমিক পাশ মেয়েরা নার্সিং কোর্সে ভর্তি হয়
নিজেদের ভবিষ্যৎ উজ্জ্বল করুন। (M) 8335066916
বিউটিশিয়ান ট্রেনিং কোর্স ফি সাধ্যের মধ্যে এবং সহজ কিস্তিতে নেওয়া হয়। 100% Placement
মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং
BELGHARIA, 2NO RAIL GATE, 033-2541-2244 / 8335066915
E-mail: rabindra_path_bhaban@yahoo.co.in web: rabindrapathbhaban.info

GNM, B.Sc. Nursing এ ভর্তি চলছে
INC, KSNC অনুমোদিত কলেজ
GNM / BSC NURSING STUDENT রা LAST YEAR PRACTICE PERIOD এ 10000/15000 Monthly REMUNERATION পাবে (100%)
H.S. Pass ছেলে ও মেয়েদের G.N.M, B.Sc Nursing পড়ান ও তাদের ভবিষ্যৎ গড়ে নিজের পায়ে দাঁড়াতে সাহায্য করুন।
100% Placement
Education Loan-এর সুযোগ আছে



BDS MISSION
Rekha Apartment, Balia More, Garia Stn. Road, Kol-84
M.: 9474753825 / 7890022334



GNM / BSC Male নার্সিং-এ সরাসরি ভর্তি চলছে

www.banglajobgudekhtp:me/SuccessSummJoin http:me/BanglaJobGuide htp:me/BangoSongbad



**কর্মক্ষেত্র**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in
বর্ষ ৩৮ সংখ্যা ৪৩ □ ২৫ মে ২০১৮

**ই-মেল ঠিকানা**
সম্পাদকীয় বিভাগ: karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ: advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ: circulation@swarnakshar.in

## কর্মখালি

### স্টার হোটেলে 6-17,500/-
রেজিঃ ফি ছাড়াই লিখিত গ্যারান্টি-সহ স্টার হোটেলে স্থায়ী চাকরি। থাকা-খাওয়া সম্পূর্ণ ফ্রি + অন্যান্য সুবিধা। ছেলে ও মেয়ে চাই। Golden Future Academy, মহানাদ, হুগলি: 99322-25700.

□

DISH TV কাস্টমার কেয়ারে নিয়োগ। মাধ্যমিক-M.A. (18-35), M/F, Salary: 10,500/-, On Point, বারুইপুর, Kol-144, 98308-34004 / 98308-33834.

□

### হোটেলে চাকরি
কেন্দ্র ও রাজ্য সরকার অনুমোদিত, ISO স্বীকৃত ও University Affiliated সংস্থার মাধ্যমে হোটেলে গ্যারান্টি-সহ ৮,০০০/- আয় + থাকা + খাওয়া + মেডিক্যাল ফ্রী। www.bshm.co.in M: 92316-80651.

□

### ভারতের সর্বত্র স্টার হোটেলে
৭ দিনে জয়েনিং। ন্যূনতম মাধ্যমিক আয় ৮,০০০ + থাকা খাওয়া + টিপস। বয়স ৩০-এর মধ্যে। Career Hub (ISO স্বীকৃত ও গভঃ রেজিঃ) 7A, রূপচাঁদ মুখার্জি লেন, ভবানীপুর, কোল-25. (M): 92319-65679.

□

### স্টার হোটেলে চাকরি
লিখিত গ্যারান্টি-সহ স্টার হোটেলে 12-15,000/- আয়ে স্থায়ী চাকরি। থাকা-খাওয়া ফ্রি। CSMS, রাজবাটি, মেদিনীপুর টাউন: 96411-03510, বর্ধমান: 83487-97275, হাওড়া: 86974-32044.

□

সুশ্রুত আই ফাউন্ডেশন অ্যান্ড রিসার্চ সেন্টারে (চক্ষু হাসপাতাল) – Kolkata উঃ মাধ্যমিক / স্নাতক যুবক ও যুবতী আবশ্যক। ৭ দিনের মধ্যে যোগাযোগ করতে হবে By Email – career.susrut@gmail.com বয়সসীমা ২৫ বছরের মধ্যে হতে হবে। টাইপিং স্পিড ৩০ ওয়ার্ড / মিনিট। যোগাযোগ: 90739-97720 (10am - 5pm). Address: HB-36/A/1, Salt Lake City, Sec-III, Kol-106.

□

বিনা টার্গেটে, বাংলাভাষী, স্থায়ীপদে SBI Care ও JIO B. O Process-এ (18-35) M/F নিয়োগ। বেতন: 10,700/- – 15,400/-, P. F + ESI + O.T, G-Next, হাওড়া/মেদিনীপুর: 90736-50002 & others: 90736-50001.

□

কর্মক্ষেত্র'র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৬ মে দুপুর ২টো পর্যন্ত।
□□□
৮ জুন কর্মক্ষেত্র'র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২ জুন দুপুর ২টো পর্যন্ত।
□□□
**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

মেডিকেল রিপ্রেজেন্টেটিভ (M.R) হন নামী Pharma কোম্পানিতে CPMM কোর্স করে। আয় করুন 18,000/- মাসে। গ্র্যাজুয়েট হলে প্লেসমেন্ট; IMR, Kol-94. (M): 90739-82781.

□

VODA/ JIO/ AIRTEL কাস্টমার কেয়ারে (10-6 PM) SIM-সংক্রান্ত কাস্টমারদের Incoming Call Verify-এর জন্য রাজ্যের বিভিন্ন জেলা থেকে (M/F) নিয়োগ চলছে। মাধ্যমিক-M.A, বয়স: 18-38. Sal: 10,800/- – 45,800/- + PBA + OT + ESI + মেস + CAR. IING, KOL-08. মেদিনী: 96742-56755 দঃ ২৪ পরগনা: 82769-83240.

□

Jio/SBI/Vodafone কাস্টমার কেয়ারে বাংলা জানা M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC + OT-সহ 10,500/-. Z. M. GROUP, Salt Lake, Sec-V, Kol-91, M: 90517-30543.

□

বিভিন্ন Call Center ও Banking-এ Spot Joining চলছে। বাংলা/হিন্দি জানা M/F নিয়োগ চলছে। M.P-M.A. বেতন: 10,850/- P.F, ESI, Car, Inc-সহ থাকা ও খাওয়ার সুব্যবস্থা। NIGAM TORI, KGP, MDN. বাঁকুড়া, দুর্গাপুর: 83275-86122, মেদিনীপুর, ঝাড়গ্রাম: 84368-61388, হাওড়া, কলকাতা: 98007-80569.

□

কাস্টমার কেয়ার ও BANKING প্রসেসে স্পট জয়েনিং। Salary: 10,800/- – 22,400/-. সুবিধা: P.F, ESI, OT, Car, স্থায়ী চাকরি, Inc-সহ থাকা-খাওয়ার সুবিধা। Star Creation, Nalpur-310, হাওড়া, হুগলি, কলকাতা: 98746-20315; মেদিনীপুর, বাঁকুড়া: 98308-68561.

□

Wanted Sales Executive with min 3-5 Yr exp. for an Electrical Panel Mfg. in Kolkata. Smith Electronics & Electricals, 1/3A, Ramacharan Roy Road, Behala, Kolkata-700 034. Contact: 98302-67681.

□

Vodafone/Airtel কাস্টমার কেয়ারে বাংলা ভাষা জানা M/F চাই। বেতন: INC + OT-সহ 10,500/-. Zea Management Service, Salt Lake, Sec-V, Kol-91, M: 98745-28327.

□

### আর্জেন্ট ভ্যাকান্সি
সম্পূর্ণ বিনা ডোনেশনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী কন্ট্রাক্টরের অধীনে Airport, মেট্রোরেল ও প্রাইভেট BANK সংস্থায় অফিসিয়াল ও অন্যান্য পদে M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: (নামসই-স্নাতক)। বেতন: (9,500/- – 46,700/-). N. Corporate, S. T. Rd, শ্যামনগর, Pin-743 127. M: 83270-97949.

□

অনলাইনে কাজের জন্য সেলসম্যান চাই। ন্যূনতম যোগ্যতা: H. S. শুধুমাত্র পুরুষদের জন্য। মাইনে: ১০,০০০/- থেকে শুরু। যোগাযোগ: 97335-57449 (রাত ৭-৯টা) | K.K. Textile, হরিবপুর, নদিয়া।

□

### সরাসরি নিয়োগ
জেলায় জেলায় A. T. M গার্ড, টাওয়ার Co. ও নার্সিং হোম ও MNC Co.-তে বিভিন্ন পদের জন্য কর্মী চাই। বেতন: (12,500/- – 18,500), M. J. S, 11C, R. B. L, Kol-09. (M): 90519-14620.

□

Airtel 4G/SBI/Voda কাস্টমার কেয়ারে বাংলা ভাষা জানা M/F চাই। যোগ্যতা: M.P-H.S, বেতন: INC + OT-সহ 10,500/-. Zea Management Service, Salt Lake, Sec-V, Kol-91, M: 83348-09246.

□

## কর্মখালি

SBI/ JIO-4G/ NAAPTOL/ VODA AMAZONE-এ ডাইরেক্ট অফিসিয়াল পদে শহর ও গ্রামাঞ্চল (W.B.) থেকে স্মার্ট বাংলাভাষী M.P.–M.A (18-36) M/F শীঘ্রই নিয়োগ। বেতন: 10,786/- – 28,637/- (INC + OT + থাকা) W2C, 111, F. Rd, Kol-56. দমদম/ হাওড়া: 83348-59516 ব্যারাকপুর/বারাসাত: 90629-77779.

□

### DIRECT নিয়োগ
জেলায় জেলায় ATM গার্ড, টাওয়ার সার্ভে Pvt. হাসপাতালে কাজের জন্য কর্মী চাই। বেতন: 12,500/- – 18,500/-. M: 78728-49742, R. S-11 RM L, Kol-09.

□

পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় প্রাইভেট ব্যাঙ্কে ব্যাক অফিস, ডেটা এন্ট্রি ও অন্যান্য পদে নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বয়সসীমা ১৮-৩০ বছর। বেতন: ১২,৭০০/- – ১৯,৩০০/-, EPF, ESIC, Medical. IPC, Salt Lake, Kol-91. কোলকাতা/ হাওড়া: 98742-35889, বর্ধমান/ হুগলি: 74777-93461, আসানসোল/ দুর্গাপুর: 97351-46325, পুরুলিয়া/ বাঁকুড়া: 84361-40813, বীরভূম/ নদিয়া: 74777-93463, মেদিনীপুর/ খড়গপুর: 74494-06185.

□

### কর্মপ্রার্থী চাই ২৩৭ জন
www.gcajob.co.in ৪র্থ-বি. এ যোগ্যতা, প্রতিটি জেলায় ATM/ শপিং মল/ Tower/ নার্সিং হোম/ BANK ও MNC-তে বিনা ডোনেশনে অফিসে বসে স্থায়ী কাজ। বয়স: ১৮-৪৮। বেতন: 11,200/- – 28,700/-, ESI+PF. গ্যারান্টি পেপার-সহ জয়েনিং। (G.C.A.), MG Rd, Kol-7, (M): 77184-52562.

□

### আর্জেন্ট রিক্রুটমেন্ট
**Govt Reg. L/No WB. 6290**
**M: 8327062290**
সম্পূর্ণ বিনা ডোনেশনে 4-5 দিনের মধ্যে স্পট জয়েনিংয়ের বিশেষ সুবিধা Airport, মেট্রোরেল ও BANK (DSA) সংস্থায় কন্ট্রাক্টরের অধীনে পার্মানেন্ট চাকরি। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (9,500/- – 38,700/-). OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশন-সহ থাকা খাওয়ার সুব্যবস্থা আছে। Sara Corporate, S. T. Rd, N. P. Shyamnagar.

□

পঃ বঃ বিভিন্ন জেলা ও গ্রামাঞ্চল থেকে JIO/VODAFONE ও SBI কাস্টমার কেয়ারে মাধ্যমিক-স্নাতক (18-35) ইনকামিং কল রিসিভ করার জন্য অভিজ্ঞ-অনভিজ্ঞ M/F চাই। বেতন যোগ্যতানুসারে INC + OT + BONUS-সহ 10,950/- + অন্যান্য সুবিধা। থাকা ও খাওয়ার সুব্যবস্থা। IIFA, Airport Gate No. 1, Kol-28. দমদম (H. O.): 84206-66060, গড়িয়া: 90020-33880 শিলিগুড়ি: 98307-71003 দমদম (উঃ): 99032-23211 বর্ধমান: 78301-88881.

□

### Pvt. ব্যাঙ্কে চাকরি
**ব্যাঙ্কের ব্যাক ও ফ্রন্ট অফিসে অফিসিয়াল পদে প্রার্থী চাই**
হাওড়া ও হুগলি: 70443-81672
ব্যান্ডেল ও বেলুড়: 75969-50023
ধুলাগড় ও বালি: 85838-65904
ব্যারাকপুর ও সোদপুর: 86975-95918
বসিরহাট ও এয়ারপোর্ট: 80174-18654
বজবজ ও ঢাকুরিয়া: 86976-16060
বারাসাত ও বনগাঁ: 84208-88113
দমদম ও ডানলপ: 74497-02185
রাজারহাট ও শিয়ালদহ: 97484-94791
সোনারপুর ও গড়িয়া: 86976-16100
নৈহাটি ও কল্যাণী: 86975-95917
বারুইপুর ও ক্যানিং: 82769-01033
Need Counseling, ডানলপ-108.

## কর্মখালি

### AIRPORT ও মেট্রোরেলে
বিভিন্ন Pvt. ব্যাঙ্ক (DSA)-তে বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে Airport ও মেট্রোতে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,700/- – 42,500/-. ফর্ম দেওয়া চলছে। 77187-18137, G. P. CIT Rd, Kol-54 (G.P).

□

### চাকরি পেতে একটি ফোনের অপেক্ষা
**বেতন: 10,600/- –28700/-**
শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা: অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট S/V অফিস বয়, ক্লার্ক ইনচার্জ পিওন ATM গার্ড Pvt (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। Aruna Group, 1 No মল্লিক কলোনী, দমদম-74, (M): 83482-22418.

□

### Direct কোম্পানিতে 42 জন কম্পিউটার অপারেটর
চাকরির জন্য কোনও ডোনেশন লাগে না। স্থায়ী অফিসিয়াল পদে Database Operate করতে H.S পাশ / Appeared (18-32) ব্যাংক অফিস Executive নিয়োগ। বেতন: 8,470/- – 12,730/-. Innovative Technology, Dunlop Kol-108. কলকাতা: 83368-25980, বারাসাত: 83368-25979,

□

### আর্জেন্ট ভ্যাকান্সি
**Govt Reg. L O-WB. 7562**
**M: 8348032205**
উত্তরবঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলার বেকার কর্মপ্রার্থীদের সম্পূর্ণ বিনা ডোনেশনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী Airport, মেট্রোরেল ও Pvt. BANK (DSA) সংস্থায় সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ সরাসরি স্থায়ী পদে লোক নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (12,500/- – 42,700/-). থাকা খাওয়া-সহ যাতায়াত খরচ কোম্পানির। এছাড়া OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশনের বিশেষ সুবিধা। কাজের বিশদ জানতে যোগাযোগ করুন। N. Corporate, S. T. Rd, Nowa Para, শ্যামনগর।

□

### এয়ারপোর্ট ও মেট্রো
গভঃ লাইসেন্সপ্রাপ্ত কন্ট্রাক্টরের অধীনে Airport ও মেট্রোতে D গ্রুপে ফর্ম দেওয়া চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,800/- – 45,800/-. বয়স: 18-45. M: 87684-73851, S. C. P/25, CIT Rd., Kol-54.

□

### জরুরী বিজ্ঞপ্তি
**M: 8327097516**
কোনওরকম ডোনেশন ছাড়াই যোগ্যতানুযায়ী Airport, মেট্রোরেল ও প্রাইভেট BANK (DSA) সংস্থায় সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ স্পট জয়েনিং। যোগ্যতা: (নামসই-স্নাতক)। বেতন: (10,500/- – 42,700/-). থাকা খাওয়া-সহ OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশনের বিশেষ সুবিধা। কাজ পেতে সত্বর যোগাযোগ করুন। Sara Corporate, S. T. Rd, শ্যামনগর।

## স্কুল-কলেজ শিক্ষা

### মাসিক মাহিনায় কোচিং
CGL, BCS, RAIL, RPF, WB POLICE & COMB. ডেমো ক্লাস করে ভর্তি, নৈহাটি, মগরা (হুগলি) 80177-50538, M Sarkar, Joka, Kol-104.

□

**DISCLAIMER**
SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

### পাঠকের প্রতি
কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## স্কুল-কলেজ শিক্ষা

### NCVT কোর্সে ভর্তি চলছে
কর্মসংস্থানের সুযোগ পেতে হলে, সরকার স্বীকৃত প্রতিষ্ঠান চন্ডীপুর উন্নয়ন কেন্দ্র (কুলগাছিয়া, হাওড়া) সরাসরি ভর্তি চলছে। ফিটার, ইলেক্ট্রিশিয়ান, ওয়েল্ডার। 94330-78824, 98744-49706.

□

100/- মাসে WBCS, RAIL, পড়ানো হয়। দুপুরে খাবার free প্রতিদিন। ২৭ মে থেকে ক্লাস শুরু। P. A, কলকাতা-৮৪। 77972-78679.

□

পশ্চিমবঙ্গ সরকারের যুবকল্যাণ দপ্তরের উদ্যোগে নিম্নলিখিত ITI, NCVT কোর্সে ভর্তি চলছে। ১) ইন্টিরিয়র ডেকরেশন ২) ফ্যাশন ডিজাইনিং ৩) কম্পিউটার হার্ডওয়্যার ৪) ইলেক্ট্রিক্যাল ৫) মোবাইল রিপেয়ারিং ৬) ফ্রিজ, এসি রিপেয়ারিং ৭) বিউটিশিয়ান ৮) অটোমোবাইল ৯) ফিটার ১০) ওয়েল্ডিং ১১) CITA ১২) LCD, LED রিপেয়ারিং। ফি: ১০০০/- মাসে। JOB ASSISTANCE অফিস: 64, J. L. Sarani, Joka, Kol-104. 98832-04890 / 86972-61085 বারুইপুর: 90078-70999.

□

### CENTRAL INSTITUTE OF MEDICAL SCIENCE & TECHNOLOGY
GNM & B.Sc Nursing & BSS Govt. of India স্বীকৃত DMLT DPT ECG X-Ray Scan MRI Dialysis OT ICU Eye ডেন্টাল হোমিওপ্যাথি আয়ুর্বেদ কোর্সে ভর্তি চলছে। যোগ্যতা: MP/HS. কলেজ ক্যাম্পাস-126B, রাজা রামমোহন সরণি, কোল-9. শিয়ালদা পূরবী সিনেমার কাছে। হেড অফিস-22, রাধানাথ মল্লিক লেন, কোল-12, কলেজ স্কোয়ার, CU-র কাছে। 93310-62421.

□

### নার্সিং কোর্সে ভর্তি
INC ও KNC অনুমোদিত B.Sc ও GNM কোর্সে ভর্তি চলছে। Bank Loan সুবিধা। Placement, Installment Facility. Gurukul Nursing Institute, বারুইপুর, কোল-700 144. 85849-23750, 98303-88027.

□

## স্কুল-কলেজ শিক্ষা

### Distance Education
B. Ed, D. Ed, M. Ed, M.P, H. S, B.A, M.A. 98746-06164 / 87770-49063, RCI-RAJARHAT, Dum Dum.

□

Math & Eng. সোনারপুর Rail (স্পেশ্যাল), WBCS, MICS, Bank প্রাইমারি TET, পুলিশ, Gr.D Clerkship সেকেন্ডে কৌশল। A. P. Nagar, Kol-150, Alakesh Sir: 90510-89736.

□

### প্যারামেডিকেল ও নার্সিং
DMLT (প্যাথোলজি), DPT (ফিজিওথেরাপি), ECG, ANM ও GNM (নার্সিং), RMP (রুরাল মেডিকেল প্রাকটিশনার) কোর্সে ভর্তি চলছে। ক্লাস: শনি ও রবি। নার্সিং ট্রেনিং শেষে চাকরি। ক্যারিয়ার অ্যাকাডেমি, স্টেশন-গড়িয়া, কলি-৮৪। নফর চন্দ্র স্কুলের বিপরীত। 82729-11322 / 90623-62321.

□

### ACHIEVEMENT
FOR: WBCS, Bank, STAFF Selection, Rail, Primary etc. নামমাত্র খরচে অল্পদিনেই চূড়ান্ত সাফল্য। At: বেলঘড়িয়া, শিয়ালদহ, ব্যারাকপুর, বারুইপুর। নতুন শাখা: বারাসাত (চাঁপাডালি) 98305-38588 / 85828-04688 / 92316-10947.

□

WBCS, PSC, SSC, ব্যাঙ্ক, রেল, স্পোকেন ইংলিশ ইত্যাদি কোর্সে সঠিকভাবে প্রশিক্ষণ নিয়ে বহু স্টুডেন্ট চাকরি পেয়েছে। কেবলমাত্র ছাত্রীরাই ফোন করবে। পি. মুখার্জি, হাওড়া শিবপুর, 90075-34791.

## বিবিধ

যুক্ত হন ভারতে সর্ববৃহৎ বীমা কোম্পানিতে বয়সসীমা ১৮ থেকে ৫০ বৎসর, ন্যূনতম যোগ্যতা মাধ্যমিক। প্রতি মাসে ন্যূনতম ২৫,০০০/- থেকে ৩০,০০০/- রোজগারের সুযোগ, যোগাযোগ: শ্রী প্রদীপ কুমার জানা, ৪বি, গোমেস লেন, শিয়ালদহ, কলকাতা-১৪, মোবাইল: ৯৯০৩৮-১৮৮৬২। প্রত্যহ সোম-শনি, ১১টা থেকে ৫টা।

□

## কর্মক্ষেত্র কারা পড়েন?

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ২৭৫ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:
Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
**Phone: 2283-2320, 2280-8818 □ Fax: 2287-6448**
**E-mail: advt@swarnakshar.in**

www.banglajobgudekhtp:me/SuccessSummJoin http:me/BanglaJobGuide htp:me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# ল্যামিনেশন মেশিন

'কর্মক্ষেত্র'র জনপ্রিয় বিভাগ 'কোন মেশিনে কী ব্যবসা' পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।



নিজস্ব প্রতিনিধি: প্রয়োজনীয় নথিপত্র সুরক্ষিত করতে কাগজপত্র ল্যামিনেট করে রাখা হয়। ল্যামিনেশন মেশিনের সাহায্যে ছোট-বড় বিভিন্ন মাপের ছবি, পরিচয়পত্র, রেশন কার্ড, মার্কশিট, মানচিত্র প্রভৃতি কাগজপত্র ল্যামিনেট করা যায়।

**কীভাবে করবেন:** ল্যামিনেট করার জন্য প্রথমে বাজার থেকে প্লাস্টিক রোল কিনে আনতে হবে। এর বাজার-চলতি নাম পলি-প্লাস্টিক। এই প্লাস্টিক রোল সস্তায় পাবেন বড়বাজার, বৈঠকখানা বাজার প্রভৃতি অঞ্চলে। কিলোগ্রামপ্রতি এর দাম পড়বে ১০০ থেকে ১২৫ টাকা। প্রথমে যে মাপের কাগজ বা ছবি ল্যামিনেশন করতে চান, সেই মাপের প্লাস্টিক কেটে নিতে হবে। এবার প্লাস্টিকসমেত ছবি বা কাগজটি মেশিনে ঢুকিয়ে দিতে হবে। এরপর মেশিন চালু করলেই প্রয়োজনীয় নথিটি নিজে থেকেই ল্যামিনেটেড হয়ে বেরিয়ে আসবে। এই মেশিনটি চালাতে বিদ্যুৎ লাগবে ২২০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** সাইজের তারতম্য অনুযায়ী ল্যামিনেশন মেশিনের দামেরও তারতম্য হয়। ছোট ল্যামিনেশন মেশিনের দাম পড়বে ৪,০০০-৫,০০০ টাকা। এবং বড় ল্যামিনেশন মেশিনের দাম পড়বে ৪০,০০০-৫০,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# শিল্পজিজ্ঞাসা

'কর্মক্ষেত্র'-য় 'স্বনির্ভরতার নানা পথ' দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক'টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে 'শিল্পজিজ্ঞাসা' বিভাগে চিঠি লিখুন।

□ *একজন এন্টারপ্রেনার হিসেবে ওয়েস্ট বেঙ্গল ইনসেনটিভ স্কিম-এর জন্য নাম নথিভুক্ত করতে চাই। কোথায় কীভাবে এটা করা যাবে? —মানস হালদার, বেলঘরিয়া, উত্তর ২৪ পরগনা-৭০০ ০৫৬।*

□□ ইনসেনটিভ স্কিমের জন্য নাম নথিভুক্ত করতে পারবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbmsme.gov.in ওয়েবসাইটে 'ইয়েট নট রেজিস্টার্ড' অংশে ক্লিক করলেই ইউজার রেজিস্ট্রেশন ফর্ম খুলে যাবে। উদ্যোগ আধার নম্বর ও আধার নম্বর টাইপ করে 'কন্টিনিউ'-এ ক্লিক করলেই অনলাইন রেজিস্ট্রেশন ফর্মের মূল অংশে ঢোকা যাবে।

□ *আমি চাকরি করি। ভবিষ্যতে আমদানি-রপ্তানির ব্যবসা করতে চাই। নিয়মকানুনগুলো জানা দরকার। অনলাইন কোনও কোর্সের ব্যবস্থা আছে কি? —নাম প্রকাশে অনিচ্ছুক, বর্ধমান-৭১৩ ১০১।*

□□ ডিরেক্টরেট জেনারেল অব ফরেন ট্রেড এবং ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ফরেন ট্রেড যৌথ উদ্যোগে অনলাইনে 'নিরিয়ত বন্ধু' কোর্স করায়। এটি একটি সার্টিফিকেট কোর্স। মোট ৪০ ঘণ্টার কোর্স। ফি ২৫ হাজার টাকা। এর মধ্যে ১০ হাজার টাকার খরচ বহন করে ডিরেক্টরেট জেনারেল অব ফরেন ট্রেড। প্রার্থীকে দিতে হয় ১৫ হাজার টাকা। কোর্সটি করতে চাইলে নাম নথিভুক্ত করাতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.niryatbandhu.ac.in প্রয়োজনীয় তথ্যও পাবেন এই ওয়েবসাইটে।

□ *আমি খুবই ছোট আকারে একটি চর্মজাত সামগ্রী তৈরির ইউনিট তৈরি করতে চাই। কিছু তথ্যের প্রয়োজন। কোথা থেকে পেতে পারি? —নাম প্রকাশে অনিচ্ছুক, হলদিয়া, পূর্ব মেদিনীপুর।*

□□ হলদিয়ার শিল্পকেন্দ্রে যোগাযোগ করুন। ঠিকানা: অ্যানসিলিয়ারি, ডেভেলপমেন্ট সেল, হলদিয়া ডেভেলপমেন্ট অথরিটি কমপ্লেক্স, দুর্গাচক, হলদিয়া-৭২১ ৬০২। ফোন: (০৩২২৪) ২৭৪-১৯৩।

প্রয়োজনে যোগাযোগ করতে পারেন পূর্ব মেদিনীপুর জেলা শিল্পকেন্দ্রেও। ঠিকানা: ডঃ বি আর আম্বেদকর ভবন, চতুর্থ তল, সিটি সেন্টার, পোঃ দেভোগ, পূর্ব মেদিনীপুর-৭২১ ৬৫৭। ফোন: (০৩২২৪) ২৫৫-৭১৯।

□ *চামড়া ও পাটের তৈরি হ্যান্ডব্যাগ বিক্রি করি। কলাগাছের ফাইবার দিয়ে তৈরি নানারকমের ব্যাগ দেখেছি একটি হস্তশিল্প মেলায়। সেটা ছিল দক্ষিণ ভারতের একটি স্টল। প্রস্তুতকারী সংস্থার সঙ্গে কীভাবে যোগাযোগ করতে পারি? —কল্পনা ঘোষ, উলুবেড়িয়া, হাওড়া।*

□□ কলাগাছের তন্তু দিয়ে নানা ডিজাইনের ব্যাগ, রুকস্যাক ইত্যাদি তৈরি করে কর্নাটকের নানা সংস্থা। ব্যাগের নমুনা, সংস্থার পরিচিতি, ই-মেল অ্যাড্রেস, ফোন নম্বর ইত্যাদি পাবেন এই ওয়েবসাইটে: www.hcartforartonline.com/naturalfibrebags

□ *হস্তশিল্প সামগ্রীর রপ্তানির জন্য কার্যকর প্যাকেজিংয়ের পদ্ধতি শিখতে চাই। কোথায় শেখানো হয়? —প্রদীপ বিশ্বাস, লেক গার্ডেন্স, কলকাতা-৪৫।*

□□ ওয়েস্ট বেঙ্গল এক্সপোর্ট প্রমোশন সোসাইটিতে যোগাযোগ করতে পারেন। এখানে সময়ে সময়ে হস্তশিল্প সামগ্রীর প্যাকেজিং বিষয়ক ওয়ার্কশপ আয়োজিত হয়। প্রয়োজনীয় তথ্য-পরামর্শও পাবেন এখান থেকে। ঠিকানা: ২, চার্চ লেন, রুম নম্বর-৪০১, পঞ্চম তল, কলকাতা-১। ফোন: ২২৪৩-৯১৮৮। ওয়েবসাইট: www.wbseps.com

D.El.Ed., B.Ed.
করলেই স্কুলে চাকরি
ভর্তি চলছে
D.El.Ed.-2018-20 (W.B/AP)
B.Ed.-2018-20 (WB/AP)
M.Ed.-2018-20 (W.B/AP)
B.P.Ed.-2018-20 (W.B/AP)
MP,HS,BA,MA,B.Sc,M.SC (ETC)
HALDAR ACADEMY
9007697749 / 7890017038
সোনারপুর, কলকাতা-১৫০

BEST HOTEL MANAGEMENT INSTITUTE IN WEST BENGAL
An ISO 9001 : 2008 Certified Institute
(Estd. in 1997)
SIHM SCHOOL OF INDIAN HOTEL MANAGEMENT
ADMISSION OPEN
কোর্স শেষে দেশে ও বিদেশে
নিশ্চিত চাকরির
লিখিত গ্যারান্টি
A Unit of "Sumana Foundation"
AUTHORISED TRAINING CENTRE OF "BHARAT SEVAK SAMAJ"
( A NATIONAL DEVELOPMENT AGENCY, ESTABLISHED IN 1952 BY PLANNING COMMISSION, GOVT. OF INDIA.)
SIHM is a member of HOTEL & RESTAURANT ASSOCIATION OF EASTERN INDIA
বিগত ২১ বছরে এই প্রতিষ্ঠান থেকে পাশকরা
সমস্ত ছাত্র-ছাত্রীরা দেশে ও বিদেশে সুপ্রতিষ্ঠিত
Email: sihm97@gmail.com
Visit Us : www.sihm.co.in
TRAINING & PLACEMENT
Only in 5 STAR HOTELS in India & Abroad
100% PLACEMENT TILL DATE
RAMADA PLAZA PALM GROVE, Radisson, Marriott, Sun-n-Sand, ROYAL ORCHID, INTER-CONTINENTAL, TAJ, PRIDE, THE LALIT, Rama International, CLARKS GROUP OF HOTELS, THE KENILWORTH, HYATT, SAROVAR
HEAD OFFICE & CAMPUS : B 12 / 283, KALYANI, NADIA, W.B. (Sunday Open)
(Near Central Park, Oppsite of Fish Farm )
For Admission Contact : 9831616989 / 9830852189



www.banglajobgudekhtp:me/SuccessSummJoin http:me/BanglaJobGuide htp:me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*সাফল্য পাওয়ার প্রধানতম শর্তই হল পরিশ্রম। এটা আমি নিজের অভিজ্ঞতা দিয়ে বুঝেছি। অনেক কিছু তোমার না থাকতে পারে, কিন্তু পরিশ্রম করার আন্তরিক ইচ্ছেটা যদি থাকে, তবে সেই পথ ধরেই তুমি একদিন সাফল্যের দোরগোড়ায় পৌঁছবে।*
*— যোহান সেবাস্তিয়ান বাখ*
*(প্রবাদপ্রতিম জার্মান সুরকার)*

*✓ আমি তফসিলি জাতি ক্যাটেগরির স্নাতক তরুণী। 'কর্মক্ষেত্র'-য় দেখলাম, রেলওয়ে প্রোটেকশন ফোর্সে মেয়েরাও কনস্টেবল এবং সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারবে। আমার উচ্চতা ১৫৪ সেমি। সাধারণ ক্যাটেগরির মহিলা প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতা দরকার ১৫৭ সেমি। তফসিলি জাতি ক্যাটেগরির প্রার্থী হিসেবে আমি কি উচ্চতায় ছাড় পাব? সাধারণত দেখি, তফসিলি উপজাতি ক্যাটেগরির প্রার্থীরা উচ্চতায় ছাড় পেয়ে থাকেন। আমি কি কনস্টেবল এবং সাব-ইনস্পেক্টর উভয় পদেই আবেদন করতে পারব?*

*সেঁজুতি গোপ, রানাঘাট, নদিয়া।*

☐ তফসিলি জাতি ক্যাটেগরির প্রার্থী হিসেবে আপনি উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন। রেলওয়ে প্রোটেকশন ফোর্সের (আর পি এফ) কনস্টেবল এবং সাব-ইনস্পেক্টর পদে আবেদনের জন্য সাধারণ ক্যাটেগরির মহিলাদের উচ্চতা হতে হবে ১৫৭ সেমি। তফসিলি জাতি ও উপজাতি ক্যাটেগরির মহিলাদের ক্ষেত্রে উচ্চতা হতে হবে অন্তত ১৫২ সেমি। 'কর্মক্ষেত্র'-র ১৮ মে সংখ্যায় 'রেল সুরক্ষা বাহিনীতে ৮,৬১৯ কনস্টেবল' এবং 'রেল সুরক্ষা বাহিনীতে ১১২০ সাব-ইনস্পেক্টর' শীর্ষক সংবাদে সংশ্লিষ্ট দুই পদে আবেদনের জন্য প্রয়োজনীয় খুঁটিনাটি তথ্য জানানো হয়েছে। আপনি দু'টি পদেই আবেদন করতে পারেন।

---

রেলওয়ে প্রোটেকশন ফোর্সের (আর পি এফ) কনস্টেবল এবং সাব-ইনস্পেক্টর পদে আবেদনের জন্য সাধারণ ক্যাটেগরির মহিলাদের উচ্চতা হতে হবে ১৫৭ সেমি। তফসিলি জাতি ও উপজাতি ক্যাটেগরির মহিলাদের ক্ষেত্রে উচ্চতা হতে হবে অন্তত ১৫২ সেমি। 'কর্মক্ষেত্র'-র ১৮ মে সংখ্যায় 'রেল সুরক্ষা বাহিনীতে ৮,৬১৯ কনস্টেবল' এবং 'রেল সুরক্ষা বাহিনীতে ১১২০ সাব-ইনস্পেক্টর' শীর্ষক সংবাদে সংশ্লিষ্ট দুই পদে আবেদনের জন্য প্রয়োজনীয় খুঁটিনাটি তথ্য জানানো হয়েছে।

---

*✓ বটানি অনার্সের প্রথম বর্ষে পড়ছি। ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি নিয়ে উচ্চমাধ্যমিক পাশ করেছি ৬২ শতাংশ নম্বর-সহ। এখন মনে হচ্ছে প্যারামেডিক্যাল টেকনোলজির মতো পেশাদারি কোর্স পড়লেই ভালো হত। এই ভাবনাটা খুব দৃঢ় হয়ে উঠছে। এ ব্যাপারে অভিভাবকদের সঙ্গেও কথা বলেছি। এই চিঠির মাধ্যমে আমি কয়েকটি প্রশ্নের উত্তর জানতে চাইছি। প্রশ্নগুলো হল: (১) পশ্চিমবঙ্গে স্বীকৃত প্যারামেডিক্যাল টেকনোলজির কোর্স কোথায় পড়ানো হয়? (২) কতদিনের কোর্স? (৩) ফি কত? (৪) কীভাবে ভর্তি নেওয়া হয়? (৫) কবে নাগাদ ভর্তির জন্য আবেদন করা যাবে?*

*সুনীতি সরকার, গোলাপবাগ, বর্ধমান।*

☐ পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি মেডিক্যাল কলেজ ও হাসপাতাল এবং রাজ্য সরকার স্বীকৃত বিভিন্ন বেসরকারি প্রতিষ্ঠানে প্যারামেডিক্যাল টেকনোলজির বিভিন্ন শাখায় ২ বছরের ডিপ্লোমা কোর্স পড়ানো হয়ে থাকে। স্টেট মেডিক্যাল ফ্যাকাল্টি কর্তৃক পরিচালিত একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হয়। ২০১৮ শিক্ষাবর্ষে ভর্তির প্রক্রিয়া শুরু হয়েছে। পরীক্ষা ৮ জুলাই। বর্ধমানে পরীক্ষাকেন্দ্র আছে। ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি নিয়ে উচ্চমাধ্যমিক পাশ তরুণ-তরুণীরা এই প্রবেশিকা পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারেন। বছরপ্রতি ফি ১৫ হাজার টাকা। অর্থাৎ ২ বছরের মোট ফি ৩০ হাজার টাকা। 'কর্মক্ষেত্র'-র ১৮ মে সংখ্যায় 'প্যারামেডিক্যাল টেকনোলজির ডিপ্লোমা কোর্সে ভর্তির পরীক্ষা ৮ জুলাই' শীর্ষক সংবাদে এই পরীক্ষা-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ১১ জুনের মধ্যে অনলাইন আবেদন করতে হবে এই দুই ওয়েবসাইটের কোনও একটির মাধ্যমে: www.smfwbee.in, www.smfwb.in অনলাইন আবেদনপত্র সাবমিট করার পরে তার একটি প্রিন্ট আউট নিতে হবে। প্রয়োজনীয় নথিপত্র-সহ এই প্রিন্ট আউট সাধারণ ডাকে ১১ জুনের মধ্যে পৌঁছানো চাই এই ঠিকানায়: Post Bag No. 781, Circus Avenue Post Office, Kolkata-700 001.

*✓ কমার্স গ্র্যাজুয়েট। বি কম পাশ করেছি ২০১৬-য়। একটি অডিট ফার্মে অস্থায়ী চাকরি করছি। সরকারি চাকরির জন্য চেষ্টা চলছে সেইসঙ্গে। চাকরির খবর জানাবেন।*

*অভিষেক পুরকায়স্থ, বাঙ্গুর, কলকাতা-৫৫।*

☐ সরকারি চাকরির জন্য পরীক্ষা দিতে হবে। সে জন্য নিয়মিত পড়াশোনা করে প্রস্তুতি নিন। কয়েকটি চাকরি বাছাই করে সেগুলির পরীক্ষার সিলেবাস অনুসারে পড়াশোনা করুন।

***এখনই আবেদন করতে পারেন:*** কেন্দ্রীয় সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য 'কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল' পরীক্ষায় বসতে পারেন। এই পরীক্ষায় বসার জন্য এখনই আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১১ মে সংখ্যায় 'কেন্দ্রীয় সরকারে কয়েকশো গ্র্যাজুয়েট' শীর্ষক সংবাদে এই নিয়োগ ও পরীক্ষা-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ৪ জুনের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: ssconline.nic.in

কিছু অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার নেবে জেনারেল ইনশিওরেন্স কর্পোরেশন। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১১ মে সংখ্যায় 'জেনারেল ইনশিওরেন্স কর্পোরেশনে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। ২৯ মে-র মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.gicofindia.in

***পরে আবেদন করতে পারবেন:*** পশ্চিমবঙ্গ সরকারে অফিসার গ্রেডের চাকরির জন্য মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারে অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের কৃষিবিভাগে কৃষিপ্রযুক্তি সহায়ক এবং খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারবেন। রেলে অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, গুডস গার্ড, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস, ট্র্যাফিক অ্যাপ্রেন্টিস পদে আবেদন করতে পারবেন। একটিই পরীক্ষার মাধ্যমে এই চার পদের জন্য প্রার্থী বাছাই করা হয়। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের ক্লার্ক, প্রবেশনারি অফিসার এবং রাষ্ট্রায়ত্ত গ্রামীণ ব্যাঙ্কগুলির অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আছে আরও চাকরি।

*✓ উচ্চমাধ্যমিক পাশ। স্টেনোগ্রাফি জানি। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ৬ মাসের সার্টিফিকেট কোর্স করেছি। চাকরির চেষ্টা চলছে। তাড়াতাড়ি চাকরি পাওয়াটা খুব জরুরি। চাকরির খবর দেবেন।*

*পল্লব দাশগুপ্ত, কাশীপুর, কলকাতা-৫২।*

☐ চাকরির পরীক্ষার জন্য প্রস্তুত হোন। লিখিত পরীক্ষায় সফল হলে স্টেনোগ্রাফি টেস্ট। ফলে, লিখিত পরীক্ষার জন্য পড়াশোনা করে ভালো প্রস্তুতি নিতে হবে।

***এখনই আবেদন করতে পারেন:*** বাঁকুড়া জেলা আদালত কিছু স্টেনোগ্রাফার নেবে। নিয়োগ হবে ইংলিশ স্টেনোগ্রাফার গ্রেড-থ্রি পদে। 'কর্মক্ষেত্র'-র ১৮ মে সংখ্যায় 'বাঁকুড়া কোর্টে স্টেনোগ্রাফার, লোয়ার ডিভিশন ক্লার্ক, প্রোসেস সার্ভার ও গ্রুপ 'ডি'' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় সংবাদ জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। ১৫ জুনের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://ecourts.gov.in/Bankura

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারে স্টেনোগ্রাফার নিয়োগ করা হয় স্টাফ সিলেকশন কমিশনের পরীক্ষার মাধ্যমে। আপনি এই পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারবেন। রেলে স্টেনোগ্রাফার পদে আবেদন করতে পারবেন। বিভিন্ন আদালতে স্টেনোগ্রাফার পদে আবেদন করতে পারবেন। টাইপিং জানা থাকায় ডাকবিভাগে পোস্টাল অ্যাসিস্ট্যান্ট/সর্টিং অ্যাসিস্ট্যান্ট এবং কেন্দ্রীয় সরকারে লোয়ার ডিভিশন ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারেও লোয়ার ডিভিশন ক্লার্ক পদে আবেদনের সুযোগ আছে। স্টেনোগ্রাফারের পেশাকেই যদি পাখির চোখ করে থাকেন, তবে নির্ভুল স্টেনোগ্রাফির ওপরে জোর দিন। গতিবৃদ্ধির জন্য নিয়মিত প্র্যাক্টিসও চলতে থাকুক। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, স্টেনোগ্রাফারের আরও চাকরির খবর পাবেন।

## চাকরির ব্যাপারে প্রথাগত মানসিকতার বদল দরকার



প্রফেসর তপনকুমার চ্যাটার্জি
ডিরেক্টর, ক্লিনিক্যাল রিসার্চ সেন্টার, যাদবপুর বিশ্ববিদ্যালয়

বর্তমান সময়ে আমরা যদি শুধু দীর্ঘকাল ধরে চলে আসা চাকরিগুলোর ওপরেই নির্ভর করি, তবে প্রবল ধৈর্যের পরিচয় দিতে হবে এবং তীব্র প্রতিযোগিতা মোকাবিলা করে সফল হয়ে উঠতে হবে। কারণ, প্রথামাফিক চাকরিগুলির দরজায় চাকরিপ্রার্থীদের বিপুল ভিড়। প্রয়োজনের তুলনায় চাকরির সংখ্যা কম। ফলে যতজন চাকরি পান, তার অনেক গুণ ছেলেমেয়ের চাকরি হয় না। বহু ছেলেমেয়ে হতাশ হয়ে পড়ছেন। আমি বলব, এটা যৌবনের অপচয়, কর্মক্ষমতার অপচয়। প্রশ্ন উঠবে, তাহলে উপায়টা কী?

এখন, এই একবিংশ শতকে পৌঁছে আমাদের চাকরিবাকরি-সংক্রান্ত প্রচলিত মানসিকতা বদলের প্রয়োজন হয়ে পড়েছে। যদি গ্র্যাজুয়েট হওয়াকে চাকরি পাওয়ার একটা কমন শিক্ষাগত যোগ্যতা হিসেবে ধরে নিই, তবে এখনকার দিনে আমার মূল বিষয়টির স্বাতন্ত্র্য, সেই স্বাতন্ত্র্যের পরিসীমা এবং চাকরির দুনিয়ায় সেই যোগ্যতার সুযোগ নিয়ে ভেবে দেখার প্রয়োজন রয়েছে। ধরা যাক, আপনি প্রাণবিজ্ঞানের কোনও শাখায় বি এসসি পাশ করে এবার চাকরির উদ্যোগ নেবেন। আপনি গ্র্যাজুয়েট যোগ্যতার সরকারি চাকরির জন্য সচেষ্ট হতে পারেন। প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে আপনি চাকরিটি করায়ত্ত করতে পারেন। এ ক্ষেত্রে যে-বিষয়টি লক্ষণীয় তা হ'ল, আপনার সঙ্গে সেই প্রতিযোগিতামূলক পরীক্ষা দিচ্ছেন, সমস্ত শাখার গ্র্যাজুয়েটরাই। অর্থাৎ চাকরিটির জন্য বিশেষ কোনও বিষয়ের জ্ঞান দরকার হচ্ছে না। এই চাকরিটি সমস্ত বিষয়ের গ্র্যাজুয়েটদের কাছেই একটা সুযোগ। আমার প্রশ্ন হল, একজন বি এসসি পাশ ছাত্র বা ছাত্রীর কাছে এটাই কি একমাত্র সুযোগ? এখনকার দিনে উত্তরটা হবে 'না'। যেটা আপনাকে করতে হতে পারে তা হ'ল, একটা স্পেশালাইজেশন করে নিতে হতে পারে। ওই স্পেশালাইজেশনটার জন্য আপনার বি এসসি-র জ্ঞানটা কাজে লাগবে। ওই স্পেশালাইজেশন তথা বিশেষ জ্ঞানের কারণে আপনি বিশেষ হয়ে উঠলেন। বর্তমান সময়ে বিভিন্ন চাকরির ক্ষেত্রে এ ধরনের বিশেষ জ্ঞানসম্পন্ন লোকের দরকার হচ্ছে এবং বাস্তব চিত্রটা হচ্ছে, চাকরির ক্ষেত্রে এই বিশেষ প্রশিক্ষিত লোকের ঘাটতি রয়েছে। অর্থাৎ প্রয়োজনীয় প্রশিক্ষিত লোক চাইলেই পাওয়া যাচ্ছে না। ফলে চাকরির বাজারে এঁদের তো কদর হবেই।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল রিসার্চ সেন্টারে ফার্মাকোভিজিল্যান্স ইন ক্লিনিক্যাল রিসার্চ, ক্লিনিক্যাল রিসার্চ ইন হসপিট্যালস ইত্যাদির মতো পেশাদারি কোর্স করা যায়। এই পেশাদারদের গুরুত্ব তৈরি হয়েছে ওষুধপ্রস্তুতকারী সংস্থা, গবেষণাগার, হাসপাতাল, বড় বড় নার্সিং হোমে। খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প, বেভারেজ ইন্ডাস্ট্রি, প্যাকেজিং ইন্ডাস্ট্রি, দূষণ নিয়ন্ত্রণ প্রভৃতি ক্ষেত্রেও প্রাণবিজ্ঞানের গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েটদের শিক্ষার্জিত জ্ঞানের প্রয়োজন রয়েছে। আবার, একটি কাজের জন্য নানা বিষয়ের লোকের দরকার হতে পারে। সেক্ষেত্রে, একটি টিম হিসেবে কাজ করতে হয় অনেককে।

সব বিষয়েরই নিজস্ব শক্তি রয়েছে, শিক্ষার্জিত জ্ঞানের প্রয়োগের সুযোগও রয়েছে। ক্ষেত্রগুলিকে আপনাদের একটু চিনে নিতে হবে। তার জন্য খোঁজটা জারি রাখতে হবে ছাত্রাবস্থা থেকেই। তাহলে প্রস্তুত হওয়ার সময় পাবেন। হঠাৎ চাকরি খুঁজতে বেরিয়ে অগাধ জলে পড়তে হবে না।

---

বাঁকুড়া জেলা আদালত কিছু স্টেনোগ্রাফার নেবে। নিয়োগ হবে ইংলিশ স্টেনোগ্রাফার গ্রেড-থ্রি পদে। 'কর্মক্ষেত্র'-র ১৮ মে সংখ্যায় 'বাঁকুড়া কোর্টে স্টেনোগ্রাফার, লোয়ার ডিভিশন ক্লার্ক, প্রোসেস সার্ভার ও গ্রুপ 'ডি'' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় সংবাদ জানানো হয়েছে।

---

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

**কর্মক্ষেত্র কর্মসহায়ক**

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

www.banglajobgudekhtp:me/SuccessSummJoin http:me/BanglaJobGuide htp:me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

# স্পোর্টস কোচিংয়ের এম এসসি কোর্স



স্পোর্টস কোচিংয়ের স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে নেতাজি সুভাষ ন্যাশনাল ইনস্টিটিউট অব স্পোর্টস। কোর্স করানো হবে স্পোর্টস অথরিটি অব ইন্ডিয়া (সাই)-এর পাতিয়ালা কেন্দ্রে। কোর্স শুরু হবে জুলাইয়ে।

কোর্স করানো হবে এই সব ক্রীড়ায়: অ্যাথলেটিক্স, বাস্কেটবল, ফুটবল, জিমন্যাস্টিক্স, হকি, সুইমিং, ভলিবল, ওয়েটলিফটিং এবং রেসলিং। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে সাইয়ের পাতিয়ালা বা অন্য কেন্দ্র থেকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ স্পোর্টস কোচিংয়ে ডিপ্লোমা। এর পাশাপাশি ক্রীড়া এবং গবেষণা-সংক্রান্ত কাজে দক্ষতা থাকতে হবে।

**বয়স:** ৪৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলি এবং ও বি সিরা বয়সে ৫ বছরের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে একটি অ্যাডমিশন টেস্ট এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা জুনের শেষে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nsnis.org আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

✓ফি বাবদ ১,০০০ টাকার ডিমান্ড ড্রাফট (স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া)। এটি 'Executive Director (Academics)'-এর অনুকূলে প্রদেয় হতে হবে।

✓প্রার্থীর এক কপি স্ট্যাম্প সাইজ ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।

✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।

✓খেলাধুলা সংক্রান্ত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।

✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ৩০ মে-র মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Office of the Executive Director, Sports Authority of India, Netaji Subhas National Institute of Sports, Old Moti Bagh, Patiala-147 001.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট অথবা যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ০১৭৫-২৩০৬১৭১।

## কলকাতা সাইয়ে

# স্পোর্টস কোচিংয়ের ডিপ্লোমা কোর্স

স্পোর্টস কোচিংয়ের ডিপ্লোমা কোর্সে ভর্তি নেবে নেতাজি সুভাষ ন্যাশনাল ইনস্টিটিউট অব স্পোর্টস। কোর্স করানো হবে স্পোর্টস অথরিটি অব ইন্ডিয়ার কলকাতা কেন্দ্রে। কোর্স শুরু হবে জুলাইয়ে।

ডিপ্লোমা কোর্স করানো হবে এই সব ক্রীড়ায় (বন্ধনীতে আসনসংখ্যা): তিরন্দাজি (১৫টি), অ্যাথলেটিক্স (২৩টি), বক্সিং (২০টি), ক্রিকেট (১৫টি), ফুটবল (২৬টি) এবং জিমন্যাস্টিক্স (১৫টি)।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে আন্তর্জাতিক স্তরের ক্রীড়াপ্রতিযোগিতায় অথবা সিনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপে অংশগ্রহণ করে থাকতে হবে। অথবা অল ইন্ডিয়া ইউনিভার্সিটি বা জুনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ বা ইউথ ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ বা ইন্টার-সার্ভিসেস মিট বা ইন্টার রেলওয়েজ চ্যাম্পিয়নশিপ বা অল ইন্ডিয়া পুলিশ গেমসে অন্তত ২ বার অংশগ্রহণ করে থাকতে হবে।

অথবা ফিজিক্যাল এডুকেশনে স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে অল ইন্ডিয়া ইন্টার-ইউনিভার্সিটি বা সিনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপে অন্তত এক বার অংশগ্রহণ করে থাকতে হবে। অথবা ফিজিক্যাল এডুকেশনে স্নাতক ডিগ্রি বা স্নাতকোত্তর ডিপ্লোমা, সেই সঙ্গে অল ইন্ডিয়া ইউনিভার্সিটি চ্যাম্পিয়নশিপে অন্তত ২ বার অংশগ্রহণ করে থাকতে হবে।

**বয়স:** ১-৭-২০১৮ তারিখে ২৩ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ও বি সি এবং আন্তর্জাতিক স্তরের খেলোয়াড়রা বয়সে ৩ বছরের ছাড় পাবেন।

শিক্ষাগত যোগ্যতা, খেলাধুলায় প্রাপ্ত স্বীকৃতির ভিত্তিতে এবং একটি প্রবেশিকা পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল নলেজ সংশ্লিষ্ট ক্রীড়াক্ষেত্রে থিওরি ও প্র্যাক্টিক্যাল বিষয়ে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nsnis.org আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ৭ জুনের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Director, Sports Authority of India, Netaji Subhas, Eastern Centre, Salt Lake City, Sector-III, Kolkata-700 091.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট অথবা যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ০১৭৫-২৩০৬১৭১।

### পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

✓ফি জমা দেওয়ার ই-রিসিপ্ট (অনলাইন) বা রসিদ (অফলাইন)। ফি বাবদ জমা দিতে হবে ১,০০০ টাকা। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং অথবা অফলাইনে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার চালানের (এস বি আই-কালেক্ট) মাধ্যমে।

✓প্রার্থীর এক কপি স্ট্যাম্প সাইজ ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।

✓বয়স এবং শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।

✓খেলাধুলা সংক্রান্ত যোগ্যতার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।

✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।

# ই ডি আইয়ে সেলসের পেশার প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** পণ্য ও পরিষেবা বিপণনের প্রশিক্ষণ কোর্সে ভর্তি নিচ্ছে এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট (ই ডি আই)। প্রাইমাস কেরিয়ার ম্যানেজমেন্ট কনসালটেন্টসের সঙ্গে যৌথ উদ্যোগে পরিচালিত হবে কোর্সটি। প্রশিক্ষিতদের চাকরির ব্যাপারে সহায়তা করবে এই সংস্থাটি।

চার সপ্তাহের প্রশিক্ষণ। সপ্তাহে ৩ দিন ক্লাস হবে এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটে।

অন্তত উচ্চমাধ্যমিক পাশ হলে প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে।

ই ডি আইয়ের ডিরেক্টর এম এন মাইতি জানান, বিপণনের পেশায় আগ্রহী এবং এই পেশায় কর্মরতরা বর্তমান সময়ের উপযোগী বিপণন-কলাকৌশল শিখতে পারবেন এই প্রশিক্ষণ কোর্সে। বিপণন জগতের বিশেষজ্ঞরা প্রশিক্ষণ দেবেন। ক্লাসের সঙ্গে থাকবে রোল প্লে, কেস স্টাডি এবং ইন্টারঅ্যাক্টিভ সেশন। প্রতিষ্ঠান থেকে জানানো হয়েছে, প্রশিক্ষিতদের এন্ট্রি লেভেলের চাকরির ব্যাপারে সহায়তা করা হবে।

ফি ৪,০০০ টাকা। সঙ্গে ১৮ শতাংশ হারে জি এস টি যুক্ত হবে। সামগ্রিক ফি ৪,৭২০ টাকা। ক্লাস শুরু হবে ৪ জুন। এখন ভর্তি চলছে।

ভর্তির জন্য যোগাযোগ করবেন এই ঠিকানায়: এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট, আই বি-১৯৪, সেক্টর-থ্রি (কলম্বিয়া এশিয়া হসপিটালের পাশে), সল্টলেক, কলকাতা-৭০০ ১০৬। ফোন: (০৩৩)২৩৩৫-৭২৫৮, ২৩৩৫-৭৬৮১। ওয়েবসাইট: www.edikolkata.org

আরও 'কী পড়বেন, কোথায় পড়বেন' --পৃঃ ১৬


## The Association of Engineers, India

IA-11, Sec-3; Salt Lake; Kolkata-700097.
Ph: 2335-9466 (12-4 P.M)

| | |
|---|---|
| কোর্সের নাম | Advance Diploma in Industrial Safety |
| শিক্ষাগত যোগ্যতা | B E / B. Tech / Diploma in any branch of Engineering / B.Sc (Pure Sc.) |
| মেয়াদ | ১½ বছর (তিন সেমিস্টার) |
| ভর্তির নিয়মাবলী | ভর্তি চলিতেছে। আসন সীমিত। |
| প্রদেয় অর্থের পরিমাণ | Course fee 40,000/- (তিন কিস্তিতে প্রদেয়), for sponsored candidate 50,000/- (এককালীন প্রদেয়) |

পশ্চিমবঙ্গ সরকারের কারিগরি শিক্ষা পর্ষদ অনুমোদিত



স্বনির্ভরতার লক্ষ্যে

## পাঠকদের জন্য কর্মক্ষেত্র পুরস্কার

# প্রতি মাসেই ৫০০০ টাকা

### আপনাকে কী করতে হবে?

'কর্মক্ষেত্র'র প্রতি সংখ্যায় ব্যবসা-সংক্রান্ত বিভিন্ন সুলুকসন্ধান, পরামর্শ ও পথনির্দেশ প্রকাশিত হয়। এভাবে প্রতি মাসে প্রকাশিত ব্যবসার আলোচনা থেকে আপনার পছন্দমতো ব্যবসাটি বেছে নিন। এই ব্যবসাটি বেছে নেওয়ার পক্ষে আপনার যুক্তি, কীভাবে এগোবেন ও এ বিষয়ে আপনার যোগ্যতাই বা কী— এইসব বিবৃত করে একটি প্রবন্ধ লিখুন। ১,০০০ শব্দের মধ্যে।

এবার খামের ওপর 'স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার' লিখে পাঠিয়ে দিন। ব্যস, এ-ই।

**জুন-এর প্রতিযোগিতার জন্য মে মাসের 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত ব্যবসার আলোচনাগুলি থেকে আপনার পছন্দসই ব্যবসাটি বাছতে হবে।**

লিখবেন কাগজের একপিঠে, পরিষ্কার হস্তাক্ষরে। প্রথম পৃষ্ঠার ওপরে ও প্রতি পৃষ্ঠার বাঁদিকে চওড়া মার্জিন রেখে। সঙ্গে নিজের একটি পাসপোর্ট মাপের ছবিও পাঠিয়ে দেবেন।

এভাবে প্রতি মাসেই যাঁর প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত হবে, তাঁকে ৫,০০০ টাকা পুরস্কার দেওয়া হবে। প্রবন্ধটি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হবে। আমরা আশা করব, পুরস্কৃত পাঠক স্বনির্ভরতার লক্ষ্যে তাঁর মনোমতো ব্যবসাটির গোড়াপত্তনে পুরস্কারের অর্থ কাজে লাগাবেন। কোনও একজনের প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত না হলে একাধিক প্রতিযোগীকে যুগ্মভাবে বিজয়ী ঘোষণা করা হবে এবং মোট পুরস্কারমূল্য বিজয়ীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হবে। পুরস্কৃত প্রবন্ধের বাইরেও সম্পাদকীয় বিচারে প্রশংসিত প্রবন্ধগুলি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হতে পারে।

আপনার লেখাটি ১০ জুন-এর মধ্যে পৌঁছনো চাই। পাঠাবেন এই ঠিকানায়: সম্পাদক, কর্মক্ষেত্র, ২৯/১-এ, ওস্তাগার লেন, বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।



## রাজ্য পুলিশের কনস্টেবল, এস.আই, রেল পুলিশ ও রেল গ্রুপ 'ডি' স্বল্প মেয়াদি কোচিং আইফাতে

INDIAN FORCE ACADEMY™

ইন্ডিয়ান ফোর্স অ্যাকাডেমির কর্ণধার ও ১৪ বছরের অভিজ্ঞ শিক্ষক আহমেদ আলি খান স্যারের তত্ত্বাবধানে প্রতি বছর রাজ্যের বিভিন্ন জেলা থেকে বহু ছেলে-মেয়ে সামরিক ও অসামরিক বাহিনীর মাঠ ও লিখিত পরীক্ষার প্রস্তুতির সাথে উপযোগী স্টাডি মেটেরিয়ালস ও মোটিভেশনাল ক্লাসের সাহায্যে সফল হয়ে জীবনে প্রতিষ্ঠিত। ইতিমধ্যেই যেসব ছেলে-মেয়েরা রাজ্য পুলিশের কনস্টেবল, এস.আই, পাঁচ কেন্দ্র বাহিনীর সাব-ইন্সপেক্টর ও রেল গ্রুপ 'ডি' পদের জন্য আবেদন করেছেন তাদের ক্লাস ইতিমধ্যেই শুরু হয়ে গিয়েছে। পরবর্তীতে আরও নতুন ব্যাচে ভর্তি হওয়া যাবে। এছাড়াও ভর্তি চলছে-রেল পুলিশ ও সাব-ইন্সপেক্টর, আট বাহিনী, আর্মি, নেভি ও এয়ারফোর্স। **পরবর্তী ব্যাচ ২৫, ৩০ মে ৭ ও ১৫ জুন**

**বহিরাগত ছেলেমেয়েদের নির্মল পরিবেশে নিজস্ব হোস্টেলে (পৃথক) থাকা খাওয়ার সুব্যবস্থা।**

IFA-এর সফল ছাত্র-ছাত্রীদের মধ্যে কয়েকজন, স্থানাভাবে আরো অনেক সফল প্রার্থীদের ছবি প্রকাশ করা গেল না



AKASH CHAKROBARTY HOOGHLY SSC-GD | ANIMESH BISWAS BURDWAN SSC-GD | DIBAKAR DAS PURULIA SSC-GD | GULAPSA KHATUN BURDWAN SSC-GD | HABIBULLA KHAN MEDINIPUR SSC-GD | MASAMBIR KHAN BIRBHUM SSC-GD | MRINAL NANDI MURSHIDABAD SSC-GD



SUNNY DAS KOLKATA BENGAL POLICE | SAGIR ALI SEKH 24 PGS (S) BENGAL POLICE | WADUT SAFELI DINAJPUR BENGAL POLICE | SOMNATH PAN BURDWAN BENGAL POLICE | OLIVIA CHAKROBORTY 24 PGS (N) CRPF | PURNADEB ROY MURSHIDABAD SSC-GD | RABIN HATUI HOWRAH SSC-GD

HEAD OFFICE : Airport Gate-1, Kol-28 : 9836635555
CAMPUS : Rajarhat, New Town, Kol -135 : 9831234235
GARIA : Deodar place, Station Road, Kol-84 : 8420919765
SILIGURI : Shiv Mandir, Medical More : 7890009672
BURDWAN : Town hall para, Pin-713101 : 7890033388

www.banglajobgudekhtp:me/SuccessSummJoin http:me/BanglaJobGuide htp:me/BangoSongbad



এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন
এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

# জীবিকাজিজ্ঞাসা

## এস এস সি

☐ *স্টাফ সিলেকশন কমিশন কর্তৃক আয়োজিত 'কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল এক্সামিনেশন, ২০১৮'-র মাধ্যমে কেন্দ্রীয় সরকারের সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্সে সাব-ইনস্পেক্টর পদে আবেদনের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই পদ্ধতি সম্পর্কে বিস্তারিত জানাবেন। —কল্যাণ মজুমদার, বারুইপাড়া, নদিয়া।*

☐☐ স্টাফ সিলেকশন কমিশন কর্তৃক আয়োজিত 'কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল এক্সামিনেশন, ২০১৮' পরীক্ষায় সাব-ইনস্পেক্টর (সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্স) পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। চারটি পর্যায়ে প্রার্থী বাছাই পরীক্ষা হবে— কম্পিউটার বেসড এক্সামিনেশন (টিয়ার-১ ও টিয়ার-২), খাতায়-কলমে (টিয়ার-৩) এবং দৈহিক সক্ষমতার পরীক্ষা। কম্পিউটার বেসড এক্সামিনেশন (টিয়ার-১) নেওয়া হবে ২৫ জুলাই থেকে ২০ অগস্ট। কম্পিউটার বেসড এক্সামিনেশন (টিয়ার-১)-এ প্রশ্ন হবে এইসব বিষয়ে: জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল অ্যাওয়্যারনেস, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড এবং ইংলিশ কম্প্রিহেনশন। মোট ২০০ নম্বরের পরীক্ষা। সময় ১ ঘন্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। কম্পিউটার বেসড এক্সামিনেশন (টিয়ার-২)-এ অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এইসব বিষয়ে: কোয়ান্টিটেটিভ এবিলিটি, ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন। প্রতিটি পেপারে নম্বর ২০০। সময় ২ ঘন্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। টিয়ার-৩ খাতায়-কলমে পরীক্ষা। পরীক্ষায় থাকবে ইংরেজিতে এসে রাইটিং, প্রেসি রাইটিং, লেটার রাইটিং, অ্যাপ্লিকেশন রাইটিং ইত্যাদি। মোট নম্বর ১০০। সময় ১ ঘন্টা। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ১৫ মিনিটে ১,৬০০ মিটার হাঁটা, ৩০ মিনিটে ৮ কিলোমিটার সাইক্লিং। ওয়েবসাইট: http://ssc.nic.in

## পি এস সি

☐ *ওয়েস্ট বেঙ্গল পাবলিক সার্ভিস কমিশন আয়োজিত সি আই ডি-র অধীনে জুনিয়র সিভিলিয়ন ফিঙ্গার প্রিন্ট এক্সপার্ট পদে নিয়োগের লিখিত পরীক্ষা কবে হবে? অ্যাডমিট কার্ড কী ভাবে পাব? —শতদল বারুই, হরিভাঙা, দক্ষিণ ২৪ পরগনা।*

☐☐ ওয়েস্ট বেঙ্গল পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক পরিচালিত সি আই ডি-র অধীনে জুনিয়র সিভিলিয়ন ফিঙ্গার প্রিন্ট এক্সপার্ট পদে নিয়োগের লিখিত পরীক্ষা হবে ২৭ মে (রবিবার)। পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাচ্ছে এই ওয়েবসাইট থেকে: www.pscwbapplication.in প্রার্থীর এনরোলমেন্ট নম্বর বা নামের প্রথমাংশে (ফার্স্ট নেম) এবং জন্মতারিখের মাধ্যমে অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে। পরীক্ষাকেন্দ্রে অবশ্যই সচিত্র পরিচয়পত্র সঙ্গে নিয়ে যাবেন।

☐ *পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'কৃষিপ্রযুক্তি সহায়ক রিক্রুটমেন্ট এক্সামিনেশন, ২০১৬'-র ইন্টারভিউ ১৪ মে হওয়ার কথা ছিল। কিন্তু পরীক্ষাটি স্থগিত হয়ে গিয়েছে। ইন্টারভিউয়ের নতুন কোনও তারিখ কি কমিশনের তরফে ঘোষণা করা হয়েছে? দয়া করে জানাবেন। —শান্তনু দত্ত, সোনারপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

☐☐ পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'কৃষিপ্রযুক্তি সহায়ক রিক্রুটমেন্ট এক্সামিনেশন, ২০১৬'-র ইন্টারভিউয়ের দিন পরিবর্তিত হয়েছে। কমিশনের তরফে জানানো হয়েছে, ১৪ মে-র পরিবর্তে ইন্টারভিউ নেওয়া হবে ২০ জুলাই (শুক্রবার)। পরীক্ষাকেন্দ্র ও সময় অপরিবর্তিতই থাকবে বলে কমিশনের তরফে জানানো হয়েছে। খুঁটিনাটি বিষয়ে বিস্তারিত জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.pscwbapplication.in

## কোর্স, ট্রেনিং

☐ *সিপেটে প্লাস্টিক্স টেকনোলজিতে ডিপ্লোমা করতে চাই। বিস্তারিত জানাবেন। —সৌরদীপ মণ্ডল, গোপীবল্লভপুর, ঝাড়খণ্ড।*

☐☐ সেন্ট্রাল ইনস্টিটিউট অব প্লাস্টিক্স ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (সিপেট) দ্বারা পরিচালিত ডিপ্লোমা ইন প্লাস্টিক্স টেকনোলজি কোর্সের প্রবেশিকা পরীক্ষা 'সিপেট জয়েন্ট এন্ট্রান্স এক্সাম-২০১৮' হবে ১ জুলাই। কোর্স শুরু হবে অগস্টে। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৩৫ শতাংশে নম্বর-সহ মাধ্যমিক। এ বছরের মাধ্যমিক পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। বয়স হতে হবে ১৫ বছরের মধ্যে। কোর্সের মেয়াদ ৩ বছর। কোর্স ফি সেমেস্টার-পিছু ১৬,৭০০ টাকা। হস্টেল ফি অতিরিক্ত। প্রার্থী বাছাই করা হবে একটি কম্পিউটারভিত্তিক প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা নেওয়া হবে দেশের বড় শহরগুলিতে। অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://eadmission.cipet.gov.in প্রার্থীর অনলাইন আবেদন করার শেষ তারিখ ২৭ জুন। ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২৫০ টাকা)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ক্রেডিট বা ডেবিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অফলাইনে ফি দেওয়া যাবে চালানের মাধ্যমে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়, এই অ্যাকাউন্ট নম্বরে: 33003659524. (Branch Name: CHENNAI, COMMERCIAL BRANCH GUINDY (04327), CHENNAI IFSC Code: SBIN 0004327) ফি জমা দেওয়ার পর ই-রিসিপ্ট বা রসিদের এক কপি প্রিন্ট আউট এবং অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর কনফার্মেশন পেজ এবং পূরণ করা আবেদনপত্রের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন।

☐ *রাঁচির ন্যাশনাল ইনস্টিটিউট অব ফাউন্ড্রি অ্যান্ড ফর্জ টেকনোলজিতে ফাউন্ড্রি টেকনোলজির অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে চাই। এই কোর্স সম্পর্কে বিস্তারিত জানালে উপকৃত হব। —অভিরূপ সামন্ত, নলপুর, হাওড়া।*

☐☐ ফাউন্ড্রি টেকনোলজি এবং ফর্জ টেকনোলজির অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে রাঁচির ন্যাশনাল ইনস্টিটিউট অব ফাউন্ড্রি অ্যান্ড ফর্জ টেকনোলজি। কোর্সের মেয়াদ দেড় বছর। কোর্স চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। আসনসংখ্যা: ৪৬। শিক্ষাগত যোগ্যতা: অটোমোবাইল বা মেটালার্জিক্যাল বা মেকানিক্যাল বা প্রোডাকশন বা ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। অথবা ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স নিয়ে বি এসসি ডিগ্রি। সব ক্ষেত্রেই ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য। প্রতি মাসে ২,৫০০ টাকা করে স্টাইপেন্ড দেওয়া হবে। প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ২৪ জুন (রবিবার), রাঁচিতে। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nifft.ac.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে। ফি বাবদ দিতে হবে ৫০০ টাকার (তফসিলিদের ক্ষেত্রে ২৫০ টাকা) ডিমান্ড ড্রাফট। এটি 'National Institute of Foundry and Forge Technology'-র অনুকূলে রাঁচিতে প্রদেয় হতে হবে। প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনপত্র ৩০ মে-র মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Dean (Academic), NIFFT, Hatia, Ranchi-834 003.

☐ *বেনারস হিন্দু ইউনিভার্সিটি থেকে এনভায়রনমেন্টাল সায়েন্সে এম এসসি ডিগ্রি করতে চাই। এই কোর্সে ভর্তির ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? —চন্দ্রিমা বসু, চাকুলিয়া, উত্তর দিনাজপুর।*

☐☐ বেনারস হিন্দু ইউনিভার্সিটি থেকে এনভায়রনমেন্টাল সায়েন্সে এম এসসি ডিগ্রি কোর্সে ভর্তির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ বি এসসি বা বি এসসি (অনার্স) বা বি এসসি (এগ্রিকালচার) বা বি ফার্ম বা বি ই বা বি টেক। এম বি বি এস ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.bhu.ac.in

## অন্যান্য চাকরি

☐ *ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশনে ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং শাখায় গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? — স্বর্ণালী দাস, পূর্ব রামনগর, হুগলি।*

☐☐ ডিফেন্স রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশনে ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং শাখায় গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং অথবা কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির বি ই বা বি টেক ডিগ্রি। সেই সঙ্গে বৈধ গেট স্কোর থাকতে হবে। গেট পরীক্ষার পেপার কোড ই সি (ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন) অনুসারে সংশ্লিষ্ট যেসব ইঞ্জিনিয়ারিং শাখা থেকে পরীক্ষায় বসার আবেদন করা যায় সেইসব শাখার প্রার্থীরাই আবেদন করতে পারবেন। যেসব ছাত্রছাত্রী ফাইনাল ইয়ার বা সেমেস্টারের পরীক্ষা দিয়েছেন কিন্তু রেজাল্ট হাতে পাননি অথবা যাঁরা ফাইনাল ইয়ার বা সেমেস্টারের পরীক্ষা দিতে চলেছেন এবং প্রথম শ্রেণির নম্বর আশা করছেন তাঁরাও আবেদনের যোগ্য। তবে এক্ষেত্রে ৩১ জুলাইয়ের মধ্যে ফাইনাল বা প্রভিশনাল ডিগ্রি সার্টিফিকেট জমা দিতে হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: https://drdo.gov.in

☐ *কোস্টগার্ডে অ্যাসিস্ট্যান্ট কম্যান্ডান্ট ক্যাটেগরিতে কমার্শিয়াল পাইলট লাইসেন্স পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —প্রিয়াল ভট্টাচার্য, সাহেবগঞ্জ, পূর্ব বর্ধমান।*

☐☐ কোস্টগার্ডে অ্যাসিস্ট্যান্ট কম্যান্ড্যান্ট ক্যাটেগরিতে কমার্শিয়াল পাইলট লাইসেন্স পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক, উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে। সঙ্গে ডিরেক্টর জেনারেল অব সিভিল অ্যাভিয়েশন কর্তৃক স্বীকৃত বৈধ কমার্শিয়াল পাইলট লাইসেন্স থাকতে হবে। ১ জুনের মধ্যে প্রার্থীকে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiancoastguard.gov.in

☐ *নৌবাহিনীতে নাবিক পদে ম্যাট্রিক রিক্রুট (মিউজিশিয়ান) এন্ট্রির ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকতে হবে? —অংশুমান ভৌমিক, কুমারচক, পূর্ব মেদিনীপুর।*

☐☐ নৌবাহিনীতে নাবিক পদে ম্যাট্রিক রিক্রুট (মিউজিশিয়ান) এন্ট্রির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। নির্দিষ্ট বাদ্যযন্ত্র বাজানোয় দক্ষতা থাকতে হবে। বাদ্যযন্ত্রগুলি হল— কী বোর্ড, উইন্ড ইনস্ট্রুমেন্ট, গিটার, তবলা, মৃদঙ্গম, পাখোয়াজ এবং ঢোল। সেইসঙ্গে স্টাফ নোটেশন-সহ সঙ্গীতের থিওরি সম্পর্কে প্রাথমিক জ্ঞান থাকতে হবে এবং গান গাইতে জানতে হবে। এর পাশাপাশি, উচ্চতা হতে হবে অন্তত ১৫৭ সেমি। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা চাই। দৃষ্টিশক্তি থাকতে হবে চশমা ছাড়া উভয় চোখে ৬/৬০ এবং চশমা-সহ ভালো চোখে ৬/৯ এবং খারাপ চোখে ৬/২৪ হতে হবে। দেখুন এই ওয়েবসাইট: www.joinindiannavy.gov.in

☐ *জেনারেল ইনশিওরেন্স কর্পোরেশনে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —চন্দন পাল, হাতগাছা, উত্তর ২৪ পরগনা।*

☐☐ জেনারেল ইনশিওরেন্স কর্পোরেশনে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। প্রার্থী বাছাই করা হবে অনলাইন লিখিত পরীক্ষা, গ্রুপ ডিসকাশন এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা ও বৃহত্তর কলকাতা। অনলাইন লিখিত পরীক্ষা হবে জুন/জুলাইয়ে। ২৯ মে-র মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.gicofindia.in

নাম : ..................................

ঠিকানা : ..................................

..................................

..................................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

# চাই সুবিচার

**আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়:**
**চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯**
**ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়:**
karmakshetra@swarnakshar.in
**পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়:**
www.facebook.com/karmakshetra

## প্রেসিডেন্সির রাষ্ট্রবিজ্ঞানের প্রবেশিকা পরীক্ষা বিধি মেনে নতুন করে নেওয়া হোক

প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে প্রবেশিকা পরীক্ষায় যে প্রহসন হয়েছে, তার পরিপ্রেক্ষিতে পুনরায় পরীক্ষা গ্রহণের দাবি জানাচ্ছি। পরীক্ষার্থীদের ভবিষ্যৎ সুরক্ষিত ও সুনিশ্চিত করতে বিশ্ববিদ্যালয়কেই দায়িত্ব নিতে হবে।

প্রেসিডেন্সির স্নাতক ও স্নাতকোত্তরের নানা বিষয়ে ভর্তির জন্য গত ১২ মে প্রবেশিকা পরীক্ষা নিয়েছে জয়েন্ট বোর্ড। তাতে স্নাতকস্তরের রাষ্ট্রবিজ্ঞান পরীক্ষায় ১০ নম্বরের ইংরেজি ও ৯০ নম্বরের লজিক্যাল রিজনিংয়ের প্রশ্ন এসেছিল। অথচ যে বিষয়ের পরীক্ষা, সেই রাষ্ট্রবিজ্ঞান নিয়ে কোনও প্রশ্নই পরীক্ষায় আসেনি। ফলে পরীক্ষাকেন্দ্রে আমার মতো হাজার হাজার পরীক্ষার্থীকে চরম হয়রানির শিকার হতে হয়। বোর্ডের চেয়ারম্যান মলয়েন্দু সাহার বক্তব্য, প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নির্দেশ অনুসারেই পরীক্ষায় লজিক্যাল রিজনিং ও ইংরেজি নিয়ে প্রশ্ন আসার কথা ছিল। তিনি জানান, ১৯ ফেব্রুয়ারি বোর্ডের সাইটে পরীক্ষার যে বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছিল, সেখানে স্পষ্ট করেই এ কথা বলা ছিল। কিন্তু এ-কথা আমি হলফ করে বলতে পারি, ওই বিজ্ঞপ্তিতে এমন কোনও কথা লেখাই ছিল না, যেখান থেকে মনে হতে পারে একটা বিশ্ববিদ্যালয়ে স্নাতক স্তরের প্রবেশিকা পরীক্ষায় বিষয়ভিত্তিক কোনও প্রশ্নই আসবে না। আমার স্থির বিশ্বাস, ওই বিজ্ঞপ্তি-বিতর্ক চাপা দিতে ১২ মে-র পর তড়িঘড়ি সাইটে আপলোড করা হয়েছে। তবুও চেয়ারম্যানের কথা যদি মেনেও নিই, তাহলেও প্রশ্ন ওঠে— আমরা তো কোনও সরকারি চাকরির পরীক্ষা দিতে বসিনি প্রেসিডেন্সিতে। তাহলে কেন লজিক্যাল রিজনিং ও ইংরেজি নিয়ে প্রশ্ন হবে? স্নাতকস্তরে ভর্তি হওয়ার পরীক্ষায় কেন বিষয় থেকে কোনও প্রশ্ন আসবে না? প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ে কতখানি দক্ষতা, প্রেসিডেন্সির মেধার মানের সঙ্গে সেই পরীক্ষার্থীর বিষয়ভিত্তিক মেধার মান কেন যাচাই করা হবে না একটা প্রবেশিকা পরীক্ষায়? আমরা প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয় ও জয়েন্ট এন্ট্রান্স বোর্ডের ভূমিকায় অত্যন্ত ক্ষুব্ধ ও হতাশ। আমরা ইতিমধ্যেই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে স্মারকলিপি জমা দিয়ে এসেছি। ফের পরীক্ষা গ্রহণের দাবিও জানিয়ে এসেছি কর্তৃপক্ষের কাছে। বিশ্ববিদ্যালয়ের ডিন অব স্টুডেন্টস স্মারকলিপির প্রাপ্তিস্বীকার করেছেন। আমাদের দাবি, অবিলম্বে রাষ্ট্রবিজ্ঞানের পরীক্ষা বাতিল করতে হবে। নতুন করে পরীক্ষা নিতে হবে। আয়োজক হবে খোদ বিশ্ববিদ্যালয়, রাজ্য জয়েন্ট বোর্ড নয়। ইংরেজির পাশাপাশি বাংলাতেও প্রশ্ন করতে হবে। প্রবেশিকা পরীক্ষার পাঠ্যক্রম এবং প্রশ্নের ধাঁচ জানিয়ে সাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। তাতেই প্রেসিডেন্সির মতো ঐতিহ্যশালী বিশ্ববিদ্যালয়ের এমন অস্বচ্ছ মানসিকতা থেকে কিছুটা মুখরক্ষা হবে।

নাম ও ঠিকানা প্রকাশে অনিচ্ছুক।

**প্রেসিডেন্সির স্নাতক ও স্নাতকোত্তরের নানা বিষয়ে ভর্তির জন্য গত ১২ মে প্রবেশিকা নিয়েছে জয়েন্ট বোর্ড। তাতে স্নাতক-স্তরের রাষ্ট্রবিজ্ঞান পরীক্ষায় ১০ নম্বরের ইংরেজি ও ৯০ নম্বরের লজিক্যাল রিজনিংয়ের প্রশ্ন এসেছিল। অথচ যে বিষয়ের পরীক্ষা, সেই রাষ্ট্রবিজ্ঞান নিয়ে কোনও প্রশ্নই পরীক্ষায় আসেনি। ফলে পরীক্ষাকেন্দ্রে আমার মতো হাজার হাজার পরীক্ষার্থীকে চরম হয়রানির শিকার হতে হয়।**

www.banglajobgudekhtp:me/SuccessSummJoin http:me/BanglaJobGuide htp:me/BangoSongbad



# সহজে শিখুন কম্পিউটার

যে-কোনও পড়াশোনার সঙ্গে সঙ্গে কম্পিউটার শিক্ষা এখন অবশ্যপ্রয়োজনীয় হয়ে দাঁড়িয়েছে। শুধু কম্পিউটার-সংক্রান্ত পেশায় প্রবেশের জন্যই নয়, যে-কোনও কাজ করতে গেলেই জানতে হচ্ছে কম্পিউটারের ব্যবহার। ছাত্র-ছাত্রী এবং চাকরিপ্রার্থীদের প্রয়োজনের কথা মনে রেখেই সহজে কম্পিউটার শেখার এই বিভাগ।

## মাইক্রোসফট এক্সেল

**Formula → Financial**

**IPMT**

**Function Arguments-এর মাধ্যমে IPMT বের করতে হলে**

গত সংখ্যায় আমরা 'IPMT' ফাংশনটির ব্যবহার শিখেছি। এবার আমরা Function Arguments-এর মাধ্যমে কীভাবে 'IPMT'-এর মান বের করা যায় তা শিখব। একটি উদাহরণের সাহায্যে এই ফাংশনটি বোঝানো হয়েছিল। সেটি ছিল এইরকম:

বার্ষিক 15% সুদের হারে 5 বছরের জন্য 500000 টাকা ঋণের প্রথম মাসের সুদ কত টাকা হবে? এই 500000 টাকা ঋণের মধ্যে 100000 টাকা down payment করা হয়েছে। মনে রাখবেন, এখানে প্রতি মাসে কিস্তিতে টাকা জমা দেওয়ার কথা বলা হয়েছে।

এখানে, rate = সুদের হার 15%
কিন্তু এটি বার্ষিক, তাই মাসিক-এর জন্য = 15%/12
per = যে মাসের জন্য interest বের করতে চাইছি (এখানে 1)
nper = কিস্তির সংখ্যা = 5
কিন্তু প্রতি বছরে 12 মাস, তাই 12 × 5 = 60 মাস
pv = এটি হল বর্তমান মূল্য যা হল 500000. কিন্তু এর মধ্যে 100000 টাকা down payment করা হয়েছে। তাই বর্তমান মূল্য হল—
(500000 – 100000) = 400000 টাকা

এর Syntax-টি ছিল এইরকম—
=IPMT(15%/12, 1, 5*12, 500000–100000)

এবার দেখে নেওয়া যাক, Function Arguments-এর সাহায্যে কীভাবে IPMT-এর মান বের করা যায়—

➡ Formula→ Financial→ IPMT-তে ক্লিক করুন। Function Arguments-এর ডায়ালগ বক্স আসবে।
➡ Rate-এর ঘরে লিখুন— 15%/12
➡ Per-এর ঘরে লিখুন— 1
➡ nper-এর ঘরে লিখুন— 5*12
➡ আর, Pv-র ঘরে লিখুন 500000–100000
➡ দেখুন, Formula result-এ দেখাচ্ছে -5000




*ক্রমশ*

বাসুদেব চট্টোপাধ্যায়

# কম্পিউটারজিজ্ঞাসা



আমি সিভিল ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং নিয়ে পড়ছি। সরকারি প্রতিষ্ঠান থেকে অটো-ক্যাডের সার্টিফিকেট কোর্স করতে চাই। কোথা থেকে করা যাবে? —পীযূষকান্তি সাধুখাঁ, নাকাশিপাড়া, নদিয়া।

□□ আপনি পশ্চিমবঙ্গ যুব কম্পিউটার প্রশিক্ষণকেন্দ্র থেকে কোর্সটি করতে পারেন। দ্বিতীয়বর্ষের পলিটেকনিক ছাত্র হলেই ভর্তি হওয়া যাবে।

কম্পিউটারের মনিটরে ঠিক-মতো ছবি না এলে কী করবো? কিছুক্ষণ চলার পরই স্ক্রিনে অনেক রঙ আসছে আর স্ক্রিনটা স্থিরও থাকছে না। মনিটর কি সারানো যাবে? —প্রভাকর দাস, কাকদ্বীপ, জেলা-দক্ষিণ ২৪ পরগনা।

□□ আপনার মনিটরের ডিসপ্লে সার্কিট অথবা সিগন্যাল কেবলে কোনও সমস্যা থাকতে পারে। কোনও হার্ডওয়্যার মেক্যানিককে দিয়ে সমস্যাটি ঠিক করিয়ে নিন।

কম্পিউটারের ইউপিএস এবং ইলেক্ট্রিকের কেবল ঠিক থাকা সত্ত্বেও সিপিইউ-তে পাওয়ার আসছে না। এটা কী কারণে হতে পারে? —অসিতকুমার মান্না, পলতা, উত্তর ২৪ পরগনা।

□□ কম্পিউটারের পাওয়ার কানেকশন ঠিক থাকলে বুঝতে হবে এটা সিপিইউ-এর ইন্টারনাল ফল্ট। এসএমপিএস বা সুইচ মোড পাওয়ার সাপ্লাই ঠিক আছে কি না, সেটা আপনাকে দেখে নিতে হবে। এক্ষেত্রে একজন সার্ভিস প্রোভাইডারের সাহায্য নিতে পারেন।

GSM School of Management
A unit of Kalyani Swamijee Welfare Mission • An ISO 9001:2015 Certified
HOTEL & HOSPITALITY PROGRAM * MBA
AUTHORISED TRAINING CENTRE OF "BHARAT SEVAK SAMAJ"
A National Development Agency, Established in 1952 by Planning Commission, Govt. of India
রেকর্ড ঃ প্রতিটি ব্যাচের সব ছেলেমেয়েকে দেশে ও বিদেশে চাকরি দিয়ে নজির সৃষ্টি করেছে কল্যাণীর এই প্রতিষ্ঠান
Admissions OPEN
5* হোটেল হসপিটাল জাহাজ এয়ারলাইন্স মাল্টিন্যাশনাল কোম্পানিতে চাকরি
PLACEMENT RECORD OF 2017-18




বিদেশে চাকরি
ইতালি, কানাডা, জাপান, সিঙ্গাপুর ইউ.এ.ই. এবং গাল্ফ দেশ গুলিতে




• শুরুতেই বেতন ১৫,০০০/- থেকে ৬৫,০০০/- টাকা
• প্রজেক্টারের মাধ্যমে ক্লাস
• কোর্স শেষ হওয়ার ৬ মাস আগে চাকরী
• ছেলে ও মেয়েদের জন্য পৃথক হোস্টেল
পড়তে পড়তে আয়
২০০০/- টাকা থেকে ৪০০০/- টাকা প্রতিমাসে স্টাইপেন্ড
94339 47225
90622 69582
A-1/56, Kalyani, Nadia, Pin - 741235
www.globalschoolmgt.com

www.banglajobgudekhtp:me/SuccessSummJoin http:me/BanglaJobGuide htp:me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

৯ মে-১৩ মে

**৯ মে** ইরানের সঙ্গে পরমাণু চুক্তি 'ত্রুটিপূর্ণ' ও 'একতরফা' বলে দাবি করে মার্কিন প্রেসিডেন্টের চুক্তি ছেড়ে বেরিয়ে যাওয়ার ঘোষণার পরই বিশ্বজুড়ে তীব্র প্রতিক্রিয়া সৃষ্টি হল। চুক্তি বাতিল হওয়ায় ফের পরমাণু কর্মসূচি শুরু করার হুমকি দিয়েছে ইরান। তবে এখনও তারা চুক্তি রক্ষা করতে ইচ্ছুক বলেও জানিয়েছে। সে দেশের সংস্কারপন্থী প্রেসিডেন্ট হাসান রৌহানি তাঁর

## বিজয় দিবসে নয়া যুদ্ধাস্ত্রের প্রদর্শন রাশিয়ার



৯ মে: বিজয় দিবসে মস্কোতে আয়োজিত কুচকাওয়াজে শক্তি প্রদর্শন করল রাশিয়া। ভিক্টরি ডে প্যারেডে বিশ্বের সামনে নয়া যুদ্ধাস্ত্র তুলে ধরল তারা। এ দিন রেড স্কোয়ারে দেখা গেল নতুন ধরনের ট্যাঙ্ক ও ড্রোন। ছিল রোবোটিক ফাইটিং ভেহিক্যালের মতো স্বয়ংক্রিয় যুদ্ধ যান। পরমাণু অস্ত্রবাহী ক্ষেপণাস্ত্র ছোড়ার ব্যবস্থাও প্রদর্শিত হয়েছে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সমাপ্তির ৭৩ বছর পূর্তিতে এই কুচকাওয়াজে উপস্থিত ছিলেন প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। ইজরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু ছিলেন প্রধান অতিথি।

বিদেশমন্ত্রীকে এ ব্যাপারে আলোচনা করতে ইউরোপে পাঠাবেন বলেও জানিয়েছেন। তিনি আরও জানান ওয়াশিংটনকে বাদ দিয়ে বাকি দেশগুলির সঙ্গে চুক্তি বজায় রাখবেন তাঁরা। তবে কট্টরপন্থীরা চুক্তি বাতিলের সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে। ইরানের সঙ্গে এই পরমাণু চুক্তিতে শুধু আমেরিকা নয়, সামিল আছে ব্রিটেন, ফ্রান্স, জার্মানি, রাশিয়া, চিন ও ইউরোপীয় ইউনিয়ন। চুক্তির মূল প্রতিপাদ্য ছিল, ইরান পরমাণু অস্ত্র তৈরির কর্মসূচি বন্ধ করবে। বিনিময়ে তাদের তেল ও গ্যাসের বিক্রিতে আন্তর্জাতিক নিষেধাজ্ঞা তুলে নেওয়া হবে। ডোনাল্ড ট্রাম্পের চুক্তি থেকে সরে আসাকে সমর্থন করেনি ফ্রান্স, জার্মানি, ব্রিটেনও। ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল মাকঁর টুইট করে বলেছেন, 'আমেরিকার জেসিপিওএ থেকে বেরিয়ে যাওয়ার সিদ্ধান্তে ফ্রান্স, জার্মানি ও ব্রিটেন হতাশ। এর ফলে পরমাণু নিরস্ত্রীকরণ কর্মসূচিই প্রশ্নের মুখে। তবে পরমাণু অস্ত্র তৈরিতে রাশ টেনে মধ্যপ্রাচ্যে শান্তি ফেরাতে আমরা বৃহত্তর পরিকল্পনার দিকে এগোচ্ছি।'

**১০ মে** মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও উত্তর কোরীয় শাসক কিম জং উনের মধ্যে ঐতিহাসিক শীর্ষ বৈঠক হতে চলেছে ১২ জুন। সিঙ্গাপুরে এই বৈঠক হতে চলেছে বলে টুইটারে ট্রাম্প নিজেই জানিয়েছেন। দীর্ঘদিন ধরেই উত্তর কোরিয়ার পরমাণু প্রকল্প নিয়ে উত্তেজনা চলছিল কোরীয় উপদ্বীপে। ক্রমশ পরিস্থিতি বদলায়। সমঝোতার কথা শোনা যায় দু'পক্ষের তরফ থেকেই। সদ্য মার্কিন বিদেশসচিব পদে বসা মাইক পম্পেও উত্তর কোরিয়া সফরে যান। তারপরই উত্তর কোরিয়ায় বন্দি তিন মার্কিন নাগরিককে মুক্তি দেয় কিম প্রশাসন। এ দিন ভোরে ওয়াশিংটনের কাছে অ্যান্ড্রুজ বায়ুসেনা ঘাঁটিতে মুক্তি পাওয়া তিন মার্কিন নাগরিককে অভ্যর্থনা জানান প্রেসিডেন্ট ট্রাম্প ও ফার্স্ট লেডি মেলানিয়া।

**১১ মে** নেপাল সফরে গিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ঘোষণা করলেন—ভারতের 'প্রতিবেশী প্রথম' নীতিতে নেপালের স্থান সর্বাগ্রে। সীতার জন্মস্থান বলে কথিত তরাই অঞ্চলের ছোট্ট শহর জনকপুরে গিয়ে শহরটিকে সাজিয়ে তোলার জন্য ১০০ কোটি টাকার একটি প্রকল্পের কথা ঘোষণা করেছেন মোদী। নেপালের প্রধানমন্ত্রী কে পি ওলিকে পাশে নিয়ে উত্তরপ্রদেশে রামের জন্মস্থান হিসেবে কথিত অযোধ্যা থেকে জনকপুর পর্যন্ত একটি আন্তঃরাষ্ট্রীয় বাস যোগাযোগের সূচনাও করেন তিনি। উল্লেখ্য, নেপালে বামপন্থীরা ক্ষমতায় আসার পর চিনের সঙ্গে তাদের যোগাযোগ বৃদ্ধি পেয়েছে। নেপালে প্রভাব বাড়াতে বিপুল বিনিয়োগের প্রতিশ্রুতিও দিয়েছে চিন। তার ফলেই নেপাল নিয়ে তৎপর হতে হয়েছে ভারতকে। ২০১৪-য় ক্ষমতায় আসার পর এই নিয়ে তৃতীয়বার নেপাল সফরে গেলেন মোদী। সঙ্কটের সময় ভারত ও নেপাল বরাবরই পাশাপাশি থেকেছে বলে দাবি করে দু'দেশের সম্পর্ক আরও ঘনিষ্ঠ করে তুলতে ব্যবসা বাণিজ্য, প্রযুক্তি ও যোগাযোগ বাড়ানোয় তিনি জোর দিয়েছেন।

**দু'দিনের মিয়ানমার সফরে গিয়ে রোহিঙ্গা** সমস্যা নিয়ে পদক্ষেপ করলেন ভারতের বিদেশমন্ত্রী সুষমা স্বরাজ। এ দিন সে দেশের শীর্ষ নেত্রী তথা স্টেট কাউন্সিলার আউং সান সু চি এবং প্রেসিডেন্ট এইচ ই দাও-এর সঙ্গে বৈঠকে রোহিঙ্গা শরণার্থীদের নিরাপদ, দ্রুত এবং স্থায়ী প্রত্যাবর্তনের ওপর জোর দিয়েছেন ভারতের বিদেশমন্ত্রী। এ ব্যাপারে ভারত মিয়ানমারকে সাহায্য করতে রাজি বলে জানান তিনি। উল্লেখ্য, গত প্রায় এক বছর ধরে সাড়ে ছ'লক্ষ শরণার্থী মিয়ানমারের রাখাইন প্রদেশ থেকে উৎখাত হয়ে বাংলাদেশে আশ্রয় নিয়েছে। এই পরিস্থিতিতে রোহিঙ্গাদের বাসস্থান রাখাইন প্রদেশে আর্থ সামাজিক উন্নয়নের মডেল তৈরি করে ভারতের পক্ষ থেকে সহায়তার আশ্বাস দেওয়া হয়েছে। সেই সঙ্গে অনুরোধ করা হয়েছে এ বার তাঁরা ফিরিয়ে নিন শরণার্থীদের।

**১২ মে** মুম্বইয়ে যে পাক জঙ্গিরাই হানা দিয়েছিল তা মেনে নিলেন প্রাক্তন পাক প্রধানমন্ত্রী নওয়াজ শরিফ। পাকিস্তানের এক সংবাদপত্রকে দেওয়া সাক্ষাৎকারে শরিফ বলেছেন, 'পাকিস্তানে বিভিন্ন জঙ্গি সংগঠন সক্রিয়। আমরা তাদের সীমান্ত পেরিয়ে মুম্বইয়ে হত্যাকাণ্ড চালাতে দিয়েছি। পাকিস্তানে মুম্বই হামলার মামলাও শেষ হয়নি। এমন নীতির ফলেই পাকিস্তান আজ বিশ্বে কোনঠাসা।' পাকিস্তানের অনেক আত্মত্যাগ থাকলেও এই ধরনের নীতির জন্যই দক্ষিণ এশিয়ার পরিস্থিতি নিয়ে পাকিস্তানের বক্তব্য বিশ্বের অন্যান্য দেশগুলি শুনতে রাজি নয় বলেও জানিয়েছেন। সম্প্রতি দুর্নীতির মামলায় পাক সুপ্রিম কোর্টের নির্দেশে শরিফকে প্রধানমন্ত্রীর পদ ছাড়তে হয়েছে। তারই জেরে আগামী নির্বাচনে তাঁর ভাই শাহবাজকে তিনি প্রার্থী করবেন বলে জানা গেছে। সে দেশে ভোটের আগে এই মন্তব্য করে শরিফ একইসঙ্গে ভারত, আমেরিকা ও পাক সেনাকে বার্তা দিতে চেয়েছেন বলে কূটনীতিবিদরা মনে করছেন।

**আমেরিকা ইরানের পরমাণু চুক্তি থেকে** বেরিয়ে আসার পরই ইস্তফা দিলেন পারমাণবিক শক্তি সংক্রান্ত রাষ্ট্রপুঞ্জের নজরদার সংস্থা (আইএইএ)-র প্রধান পরিদর্শক তেরো ভার্জেরান্থ। তাঁর ইস্তফার কারণ অবশ্য জানা যায়নি। তাঁর উত্তরসূরি মাসিমো আপারো ইরান সংক্রান্ত পরমাণু প্রকল্প পরিদর্শনের দায়িত্বে ছিলেন।

**১৩ মে** রামকৃষ্ণ সারদা মিশনের প্রবীণ সন্ন্যাসিনী প্রব্রাজিকা আত্মপ্রাণার (৯৬) জীবনাবসান হল। এ দিন দিল্লির রামকৃষ্ণ সারদা মিশনে প্রয়াত হন তিনি। প্রব্রাজিকা আত্মপ্রাণা ছিলেন বেলুড় মঠের সপ্তম প্রেসিডেন্ট স্বামী শঙ্করানন্দের শিষ্যা। স্বাধীনতা আন্দোলনেও তিনি যোগ দিয়েছিলেন। ১৯৭০ থেকে ১৯৯৮ সাল পর্যন্ত দিল্লির রামকৃষ্ণ সারদা মিশনের সম্পাদক ছিলেন তিনি। ১৯৮০ সাল থেকে শ্রী সারদা মঠের ইংরেজি জার্নাল 'সংবিৎ'-এর সম্পাদকের দায়িত্বও সামলেছেন। সংস্কৃতে ডক্টরেট ও সুলেখিকা প্রব্রাজিকা আত্মপ্রাণা সিস্টার নিবেদিতাকে নিয়ে নিগূঢ় গবেষণা করেছেন। ইংরেজিতে প্রথম নিবেদিতার জীবনী লেখেন তিনিই। তার জন্য জাতীয় পুরস্কারও পেয়েছিলেন। ভারতীয় বিদ্যাভবন বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ও উত্তরপ্রদেশের প্রাক্তন রাজ্যপাল কে এম মুন্সির কন্যা ছিলেন প্রব্রাজিকা আত্মপ্রাণা।

**উত্তর কোরিয়া জানাল, এক মাসের** মধ্যেই তাদের সব পরমাণু পরীক্ষা কেন্দ্র নষ্ট করে ফেলা হবে। এর একদিন আগেই মার্কিন বিদেশসচিব মাইক পম্পেও জানিয়েছিলেন, পিয়ংইয়ং যদি পরমাণু অস্ত্র ত্যাগ করে, তা হলে তাদের ভেঙে পড়া অর্থনীতিকে তুলে ধরতে সাহায্য করবে আমেরিকা। এর পরই উত্তর কোরিয়ার পক্ষ থেকে এই ঘোষণা করা হয়। পরমাণু পরীক্ষা কেন্দ্রগুলি নষ্ট করে ফেলার প্রক্রিয়া চলাকালীন তা দেখার জন্য আমেরিকা ও ব্রিটেনের সাংবাদিকদেরও আসার আমন্ত্রণ জানানো হয়েছে উত্তর কোরিয়ার পক্ষ থেকে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প উত্তর কোরিয়ার এই ঘোষণার প্রতিক্রিয়ায় বলেছেন, '১২ জুনের বৈঠকের আগেই উত্তর কোরিয়া পরমাণু গবেষণা কেন্দ্র নষ্ট করে দেওয়ার সিদ্ধান্ত ঘোষণা করেছে। এর জন্য ধন্যবাদ। খুবই ভাল সিদ্ধান্ত।'

**ইন্দোনেশিয়ার তিন গির্জায় আত্মঘাতী** হানায় ১৩ জন নিহত হলেন। দেশের দ্বিতীয় বৃহত্তম শহর সুরাবায়াতে এই হামলার শিকার হলেন সে দেশের সংখ্যালঘু খ্রিস্টান সম্প্রদায়। পর পর তিনটি গির্জায় অল্প সময়ের ব্যবধানে আত্মঘাতী হামলা চালায় জঙ্গিরা। পুলিশ জানিয়েছে একই পরিবারের ৬ জন এই হামলাগুলি চালিয়েছে। ইসলামিক স্টেট হামলার দায় স্বীকার করেছে।



> মহিলা হিসেবে আমাদের অনেক প্রতিকূলতার মুখোমুখি হতে হয়। এই মঞ্চে আমরা আজ একজোট আমাদের দৃঢ়তা এবং দায়বদ্ধতা বোঝাতে। আমরা চাই কাজের জায়গায় বৈচিত্র্য থাকুক, সমানাধিকার থাকুক। যাতে বোঝাতে পারি, আমরা সেই দুনিয়ায় বাঁচি, যেখানে ক্যামেরার সামনে এবং পিছনে পুরুষ সহকর্মীদের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে চলতে পারি।

**কেট ব্লাঞ্চেট**, *দু'বারের অস্কার জয়ী অভিনেত্রী*

*কান চলচ্চিত্র উৎসবের মঞ্চে ফিল্ম ইন্ডাস্ট্রিতে সমানাধিকারের দাবিতে*

## নেপালকে কাছে টানতে দরাজ ঘোষণা প্রধানমন্ত্রীর



১২ মে: দু'দিনের নেপাল সফরের শেষ দিনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এক নাগরিক সভায় জানালেন, উন্নয়নের বেসক্যাম্প থেকে এভারেস্টের চূড়ায় নেপালকে পৌঁছে দিতে ভারত শেরপার ভূমিকা পালন করবে। পর্বতারোহণের সঙ্গে তুলনা টেনে মোদী বলেন, 'আপনারা এভারেস্টের বেসক্যাম্প অবধি এসেছেন। আসল আরোহণ এখনও বাকি। শৃঙ্গে পৌঁছতে শেরপারা আরোহীদের সাহায্য করেন, ভারত সেই ভাবে নেপালের জন্য শেরপার ভূমিকা পালন করবে।' সম্প্রতি ভারত সফরে এসেছিলেন নেপালের প্রধানমন্ত্রী কে পি ওলি। ভারতের বিদেশসচিব বিজয় কেশব গোখলে এদিন বলেছেন, পরপর এই দুই সফর দু'দেশের দ্বিপাক্ষিক সম্পর্ককে খুবই সদর্থক দিকে এগিয়ে নিয়ে গেল। প্রধানমন্ত্রী এ দিন পশুপতিনাথ ও মুক্তিনাথ মন্দির পরিদর্শন করেন। নেপালের প্রাক্তন প্রধানমন্ত্রী প্রচণ্ড এবং শের বাহাদুর দেউবার সঙ্গেও দেখা করেন তিনি। ছবি: পিটিআই

## দলাই লামার সঙ্গে সাক্ষাৎ করতে ধর্মশালায় জাস্টার



১১ মে: ভারতে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত কেনেথ জাস্টার হিমাচলপ্রদেশের ধর্মশালায় গিয়ে দেখা করলেন দলাই লামার সঙ্গে। খবরে প্রকাশ, এ বছরই মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে বৈঠকের জন্য তিব্বতি শীর্ষ ধর্মগুরুকে আমন্ত্রণ জানিয়ে আসেন জাস্টার। দলাই লামার দর্শনে অনুপ্রাণিত হয়েছেন বলেও জানান মার্কিন রাষ্ট্রদূত। নির্বাসিত তিব্বতি সরকারের প্রধানমন্ত্রী লবসাং সাংগের সঙ্গেও বৈঠক করেন তিনি। উল্লেখ্য, তিব্বতিদের বিষয়ে মার্কিন সেনেটে গত ২৬ এপ্রিল একটি প্রস্তাব পাশ হয়। তাতে বলা হয়েছে, তিব্বতিদের ধর্মীয় স্বাধীনতা এবং মানবাধিকার রক্ষার বিষয়টিকে মেনে নিতে হবে চিনকে। প্রস্তাব পাশ হওয়ার পর যথারীতি ক্ষোভ প্রকাশ করেছে চিন। এটিকে তাদের অভ্যন্তরীণ বিষয়ে মার্কিন হস্তক্ষেপ বলে দাবি করেছে তারা।

## ৯২ বছরে প্রধানমন্ত্রী হলেন মালয়শিয়ার মহাথির



১০ মে: মালয়শিয়ায় ছ'দশক পর রাজনৈতিক পালাবদল ঘটিয়ে ৯২ বছর বয়সে ফের প্রধানমন্ত্রীর কুর্সিতে বসলেন মহাথির মহম্মদ। বিশ্বের প্রবীণতম রাষ্ট্রনেতা হওয়ার রেকর্ডও গড়লেন। সে দেশে ১৯৫৭ সাল থেকে ক্ষমতায় থাকা বারিসান নাসিওনাল (বি এন) জোটকে হারিয়ে প্রধানমন্ত্রী নির্বাচিত হলেন তিনি। এক সময় মহাথির নিজেই অবশ্য প্রাক্তন শাসক জোটে ছিলেন। ১৯৮১ থেকে ২০০৩ পর্যন্ত সে দেশের প্রধানমন্ত্রী ছিলেন মহাথির। এ বছরই দল বদলিয়ে বিরোধী জোট 'পাকাতান হারাপান'(আশার জোট)-এ যোগ দেন তিনি। সদ্য প্রাক্তন প্রধানমন্ত্রী নাজিব রাজাকের সঙ্গে সম্পর্ক খারাপ হয়ে যাওয়াই তাঁর দল বদলের কারণ বলে জানাচ্ছেন সে দেশের রাজনীতিকরা। এ দিন রাতেই মালয়শিয়ার রাজা পঞ্চম সুলতান মহম্মদের পৌরোহিত্যে কুয়ালা লামপুরের রাজপ্রাসাদে শপথ নিয়েছেন মহাথির। ছবি: পিটিআই

## মহাকাশে পৌঁছল বাংলাদেশের প্রথম উপগ্রহ 'বঙ্গবন্ধু-১'



১২ মে: বাণিজ্যিক উদ্দেশ্যে তৈরি প্রথম কৃত্রিম উপগ্রহ 'বঙ্গবন্ধু-১' সফলভাবে মহাকাশে পাঠাল বাংলাদেশ। আমেরিকার ফ্লরিডার কেনেডি স্পেস সেন্টার থেকে 'বঙ্গবন্ধু ১'-কে ফ্যালকন-৯ রকেটের নতুন সংস্করণ ব্লক ফাইভ মহাকাশে পৌঁছে দেয়। উপগ্রহের সফল উৎক্ষেপণের পর বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, 'আমরা স্যাটেলাইট ক্লাবের গর্বিত সদস্য হলাম। প্রবেশ করলাম নতুন যুগে।' এতদিন পর্যন্ত বাংলাদেশকে বিদেশি উপগ্রহ ভাড়া নিয়ে বিভিন্ন অনুষ্ঠান সম্প্রচার ও প্রাকৃতিক দুর্যোগ সংক্রান্ত খবরাখবর ও গবেষণার নানা কাজ চালাতে হত। সেই খরচ কমাতেই তিন হাজার কোটি টাকা ব্যয়ে এই উপগ্রহটি তৈরি করে তারা। সরকার পক্ষ থেকে জানানো হয়েছে, এই উপগ্রহে ৪০টি ট্রান্সপন্ডার বসানো রয়েছে। যার ২০টি বাংলাদেশের ব্যবহারের জন্য রাখা হবে। বাকিগুলি অন্যান্য দেশকে ভাড়া দিয়ে বিদেশি মুদ্রা অর্জনের রাস্তা করা হবে। প্রধানমন্ত্রী হাসিনা আরও বলেছেন, 'শুধুমাত্র বিনোদন ক্ষেত্রেই নয়, শিক্ষা, চিকিৎসা, প্রাকৃতিক দুর্যোগের সময়ও এই উপগ্রহ থেকে আমরা নানা তথ্য সংগ্রহ করতে পারব। বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলেও এই পরিষেবা পৌঁছে দিতে পারব।'

www.banglajobgudekhtp:me/SuccessSummJoin http:me/BanglaJobGuide htp:me/BangoSongbad



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## সময় নষ্ট না করে উচ্চমাধ্যমিকের পরই চাকরির প্রস্তুতি শুরু করে দাও





মতিউল্লা মন্ডল
চিফ গ্রোথ অফিসার, ইনফিনিটি ব্র্যান্ডকম (বিজ্ঞাপন সংস্থা)

চাকরি করার সময় এলে তখন তার জন্য প্রস্তুতি নিতে হবে, এই ধারণাটাই এখন বদলে গিয়েছে। তাই সময় নষ্ট না করে উচ্চমাধ্যমিকের পরই জীবিকা নিয়ে ভাবনাচিন্তা শুরু করে দাও। পড়াশোনার পাশাপাশি সমান্তরাল ভাবে চাকরির জন্য পড়াশোনাও শুরু করো। সরকারি চাকরি হোক বা বেসরকারি, মনে রেখো, একবার নয়, বারবার ইন্টারভিউ দিতে হবে। আমি ইন্টারভিউকেই গ্রুমিং-এর একটা অংশ বলে ধরে নিয়েছিলাম। সেটা কাজেও দিয়েছিল।

শুনলে অবিশ্বাস্য ঠেকতে পারে, বছরদুয়েকের মধ্যে আমি প্রায় দেড়শোটা ইন্টারভিউ দিয়েছিলাম। চাকরি তো পেয়েইছিলাম ক্যাম্পাসিং-এর মাধ্যমে। কিন্তু মানাতে পারছিলাম না। তাই সবসময় মনে হতো, পছন্দের একটা চাকরি পেতে হবে, তার জন্য নিজেকে প্রস্তুত করতে হবে। কীভাবে সেই প্রস্তুতি নেওয়া যায় তার জন্য সদাসচেষ্ট থাকতাম।

বিজ্ঞাপনের জগতে এসে মনে হল, এখানেই আমার জায়গা। এখানেই আমি খুশি হয়ে কাজ করতে পারব। আগের সংস্থায় সেলসের কাজ ছিল। কিন্তু একটুও ভালোলাগত না। এখানেও সেলসের কাজ করতে হয়েছে। অথচ বিষয়টা ভালো লাগত বলেই, তার সঙ্গে সম্পর্কিত সবই ভালো লেগেছে। উন্নতিও দ্রুত হয়েছে।

### ঠিক পথে প্রস্তুতি

আমরা যখন চাকরির প্রস্তুতি নিচ্ছিলাম তখন সেভাবে গাইড করার বা বলে দেওয়ার কেউ ছিল না আশেপাশে। ছোটবেলায় ক্রীড়াসাংবাদিক হওয়ার খুব ইচ্ছা ছিল। কিন্তু তার জন্য কী করা উচিত, কীভাবে এগোনো উচিত, জানতাম না। তাই বিজ্ঞানের ছাত্র হলেও মিডিয়া স্টাডিজ নিয়ে উচ্চশিক্ষা নিয়েছিলাম অনেক পরে। অনেকেরই এই সমস্যাটা হয়।

ঠিক পথে পড়াশোনা করাটা তাই খুব জরুরি। আমাদের যা সামাজিক কাঠামো, তাতে কলেজ শেষ হওয়ার আগে আমরা চাকরি নিয়ে ভাবিই না। আর এখানেই হয় ভুলটা। এখন অবশ্য অনেক রকম সুবিধা আছে। বিশেষ করে ইন্টারনেট বা পত্রপত্রিকা। জীবিকার দিকনির্দেশ সেখানেও কিছুটা পাওয়া যায়। আসলে কাজ খোঁজার কাজটাকেও যদি পড়াশোনার মতো নিয়মিত চর্চার বিষয় করে নিতে পারো, তাহলে বাস্তব ছবিটা যেমন স্পষ্ট হবে, তেমনই প্রস্তুতিও এগোবে জোরকদমে।

### ইন্টারভিউ কীভাবে দেবে

প্রথম ইন্টারভিউ দিয়েছিলাম ফিউচার গ্রুপে। পঁয়তাল্লিশ মিনিট ধরে কথা হয়েছিল। ইন্টারভিউয়ের আগে-পরে অবশ্য একটু চিন্তায় পড়েছিলাম। অন্য প্রার্থীরা প্রায় সবাই এম বি এ, আমার সামনেই তাদের পাঁচ-দশ মিনিটে ইন্টারভিউ শেষ হয়ে যাচ্ছে। নিজের অভিজ্ঞতায় দেখেছি, এইসব নিয়ে ভাবাটা আসলে কোনও কাজে দেয় না। পাশের জন কী বলল, বাকিদের যোগ্যতা– এসব নিয়ে বেশি চিন্তা না করাই ভালো। নিজের দৈহিক ভাষা, আচরণ, কথা বলার পরিশীলিত ভঙ্গি ঠিক রাখার দিকে বেশি মনোযোগ দিলেই বরং ভালো।

ইন্টারভিউতে কথোপকথনের মাধ্যমে মূলত বোঝার চেষ্টা করা হয় একজন প্রার্থী কতটা চাপ নিয়ে কাজ করতে পারে এবং সে সংস্থার জন্য কতটা উপযুক্ত। তাছাড়া দলবদ্ধভাবে কাজ করতে পারে কি না, নেতৃত্ব দেওয়ার ক্ষমতা আছে কি না, কমিউনিকেশন স্কিল কতটা ভালো, শুধু ইংরেজি বলা নয়, নিজেকে প্রকাশ করায় কতটা দক্ষ এইসবও দেখেন ইন্টারভিউয়াররা।

বেসরকারি চাকরিতে টিকে থাকতে গেলে চাপ সামলানোর ক্ষমতা থাকা খুব জরুরি। ইন্টারভিউ চলাকালীন কেস স্টাডির মাধ্যমে দেখা হয় প্রার্থীর আচরণ। কখনও এমনকী রাগানোর চেষ্টা করা হয় বা উত্ত্যক্ত করে দেখা হয় প্রার্থীর সে মুহূর্তের প্রতিক্রিয়া। এই পরিস্থিতিতে প্রতিটি প্রশ্নের উত্তরে নিজে থেকে কতটা বাড়তি জ্ঞান দেখাতে পারো, সেটাই তোমার বড় পরীক্ষা।

### পেশাদার কোর্স

এখনকার অনেক বেশি ডিগ্রির পিছনে না ছুটে, সুযোগ যদি পাওয়া যায় তাহলে চাকরি শুরু করে দেওয়াটাই বুদ্ধিমানের কাজ। চাকরি করতে করতেও পড়াশোনা করতে পারো। তখন সুবিধা হল, কাজের প্রয়োজন অনুযায়ী বিষয় বেছে নেওয়া যায়। কোন বিষয়টি নিয়ে পড়লে কাজে লাগবে সেটা বোঝা যায়। আজকাল অনেক রকম সার্টিফিকেট কোর্স, দূরশিক্ষার কোর্স হয়, এক্সিকিউটিভ এম বি এ পড়া যায়। ফলে প্রয়োজন মতো ইচ্ছে থাকলে উচ্চশিক্ষায় কোনও বাধা নেই।

### ইন্টারভিউয়ে কী করবে, কী করবে না

x – y = 5 ∴ সংখ্যাদু'টির ল.সা.গু. = 100
2x = 50 বা, x = 25

69(d): 72, 90, 120 দ্বারা বিভাজ্য ক্ষুদ্রতম সংখ্যা = 72, 90, 120-এর ল.সা.গু. = 360.

70(b) 200-এর থেকে বড় প্রথম পূর্ণবর্গ সংখ্যা = $(15)^2$ = 225
এবং 2000-এর থেকে ছোট শেষ পূর্ণবর্গ সংখ্যা = $(44)^2$ = 1936
∴ 15 থেকে 44 পর্যন্ত মোট সংখ্যা = 44 – 15 + 1 = 30.

71(d): (200 – 10) = 190 মিটার
B যখন 200 মিটার যায় তখন C 20 মিটার পিছনে
B যখন 190 মিটার যায় তখন C $\frac{20\times190}{200}$ = 19 মিটার পিছনে
∴ C, B-এর থেকে 19 মিটার পিছনে, B, A-র থেকে 10 মিটার পিছনে
∴ C, A-র থেকে (19 + 10) = 29 মিটার পিছনে আছে।

72(d):

| ভাজক | | অবশিষ্ট | |
|---|---|---|---|
| 5 | ⇒ | 4 | ∴ অবশিষ্ট ⇒ প্রথম ভাজক |
| 9 | ⇒ | 3 | × দ্বিতীয় অবশিষ্ট + প্রথম অবশিষ্ট |
| 45 | ⇒ | ☐ | = 5 × 3 + 4 = 19 |

73(b): A × 3 = B × 4 = C × 7
∴ A : B : C
(4 × 7) (3 × 7) (3 × 4) = 28 : 21 : 12
∴ C-র টাকা = $\frac{12}{(28+21+12)}\times427$ = 12 × 7 = 84 টাকা।

74(c): তিনি প্রতিক্ষেত্রে 100 টাকা মূলধন রাখেন
∴ প্রথম ক্ষেত্র অপেক্ষা দ্বিতীয় ক্ষেত্রে সুদ বেশি পান = $\left(4\frac{1}{2}-4\right)=\frac{1}{2}$ টাকা
∴ 6 বছরে সুদ বেশি পান = $\frac{1}{2}\times6$ = 3 টাকা
∴ প্রতিক্ষেত্রে মূলধন = $\frac{100}{3}\times21$ = 700 টাকা।

75(d): কোনও সংখ্যার শেষে 2, 3, 7 ও 8 থাকলে সেটি পূর্ণবর্গ সংখ্যা হয় না।

76(a): $\frac{855}{1881}=\frac{285}{627}=\frac{95}{209}=\frac{5}{11}$.

77(b): শিক্ষকের ওজন = (20 + 1) × 25 – 20 × 24
= 525 – 480 = 45 কিলোগ্রাম।

78(d): নতুন মিশ্রণে দুধ: জল = $\left(\frac{5}{9}+\frac{2}{3}\right):\left(\frac{4}{9}+\frac{1}{3}\right)=\frac{11}{9}:\frac{7}{9}$ = 11 : 7

অথবা, দুধ: জল দুধ : জল
প্রথম → 5 : 4 → (5 + 4) = 9 × 1 = 9 = 5 : 4
দ্বিতীয় → 2 : 1 → (2 + 1) = 3 × 3 = 9 = 6 : 3
নতুন মিশ্রণে = 11 : 7

79(b): 7, 11 এবং 13-এর ল.সা.গু. = 7 × 11 × 13 = 1001
11 ও 13 দ্বারা বিভাজ্য সংখ্যা = 1001 × 2 = 2002
∴ নির্ণেয় সংখ্যা = (3000 – 2002) = 998.

80(d): 6, 8 ও 10-এর ল.সা.গু. = 120
6 – 2 = 4, 8 – 4 = 4, 10 – 6 = 4
প্রতিক্ষেত্রে পার্থক্য = 4 ∴ নির্ণেয় সংখ্যা = 120 × 8 – 4 = 956.

84(a): কেবল 50 একটি পূর্ণবর্গ সংখ্যা নয়।

85(d): R $\xrightarrow{+5}$ W $\xrightarrow{+5}$ B; C $\xrightarrow{+5}$ H $\xrightarrow{+5}$ M;
H $\xrightarrow{+5}$ M $\xrightarrow{+5}$ R কিন্তু L $\xrightarrow{+4}$ P $\xrightarrow{+5}$ U.

87(c):




রেখা এখন শুরুর স্থান থেকে 7 মিটার দূরে।

91(d): (বিপরীত বর্ণের জোড়ার সূত্র)
C G Z
↓ ↓ ↓
X T A
একইভাবে, D F P
↓ ↓ ↓
W U K

92(b): 11 × 5 = 55 + 5 = 60
একইভাবে, 12 × 5 = 60 + 5 = 65.

## জেনারেল রিজনিংয়ের প্রশ্নোত্তর

1. OLEV ZMW KVZXV সংকেত উদ্ধার করলে দাঁড়ায়:
(a) WAR AND PEACE (b) PEACE AND WAR (c) PEACE AND LOVE (d) LOVE AND PEACE

2. পাশের চিত্রে ক'টি বর্গক্ষেত্র আছে?



(a) 6 (b) 7 (c) 4 (d) 10

3. একজন ড্রাইভার 8 কিলোমিটার দক্ষিণে যাওয়ার পর 6 কিলোমিটার পশ্চিমে গেল এবং তারপর 2 কিলোমিটার দক্ষিণ দিকে যাত্রা করল। সে তারপর 3 কিলোমিটার পূর্ব দিকে যাওয়ার পর 6 কিলোমিটার উত্তরে গেল। সে এখন যাত্রা শুরুর স্থান থেকে কতদূরে আছে?
(a) 4 (b) 5 (c) 7 (d) 8

4. সমস্ত বইই সঙ্গী। কিছু সঙ্গী ক্ষতিকর।
I. কিছু ক্ষতিকর জিনিস হল বই। II. কিছু ক্ষতিকর জিনিস বই নয়।
(a) শুধুমাত্র I যুক্তিযুক্ত (b) শুধুমাত্র II যুক্তিযুক্ত (c) I এবং II উভয়ই যুক্তিযুক্ত (d) I এবং II কোনওটিই যুক্তিযুক্ত নয়

### উত্তর

1(d), 2(d), 3(b), 4(b).

### সমাধান:

1(d):

| 15 | 12 | 5 | 22 | | 26 | 13 | 23 | | 11 | 22 | 26 | 24 | 22 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| O | L | E | V | | Z | M | W | | K | V | Z | X | V |
| L | O | V | E | | A | N | D | | P | E | A | C | E |
| 12/27 | 15/27 | 22/27 | 22/27 | | 1/27 | 14/27 | 4/27 | | 16/27 | 15/27 | 1/27 | 3/27 | 5/27 |

2(d):




2টি করে ঘর নিয়ে বর্গক্ষেত্র আছে = 4টি (IJQP, JKLQ, LMNQ, NOPQ)
4টি করে ঘর নিয়ে বর্গক্ষেত্র আছে = 4টি (BCDQ, QDEF, QFGH, ABQH)
8টি করে ঘর নিয়ে বর্গক্ষেত্র আছে = 1টি (IKMO)
সবকটি ঘর নিয়ে বর্গক্ষেত্র আছে = 1টি (ACEG)
10টি

3(b):




∴ AC = $\sqrt{4^2+3^2}=\sqrt{25}$ = 5 কিলোমিটার।

4(b):




কিছু ক্ষতিকর জিনিস বই নয়।

94(a):
① ② ③ ④ ⑤ ⑥ ⑦ ⑧
M O U N T A I N
↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓ ↓
② ① ④ ③ ⑥ ⑤ ⑧ ⑦
O M N U A T N I

একইভাবে, ① ② ③ ④ ⑤ ⑥
Ⓡ Ⓔ Ⓐ Ⓓ Ⓔ Ⓡ
↓ ↓ ↓ ↓ ↓ ↓
2 1 4 3 6 5
E R D A R E

95(d): 5 $\xrightarrow{+2}$ 7 $\xrightarrow{+3}$ 10 $\xrightarrow{+4}$ 14 $\xrightarrow{+5}$ 19 $\xrightarrow{+6}$ 25 $\xrightarrow{+7}$ [32]

96(d): 53 $\xrightarrow{-1}$ 52 $\xrightarrow{-3}$ 49 $\xrightarrow{-5}$ 44 $\xrightarrow{-7}$ 37 $\xrightarrow{-9}$ [28]

97(d):
B D F
↓+7 ↓+7 ↓+7
I K M
↓+7 ↓+7 ↓+7
[P R T]
↓+7 ↓+7 ↓+7
W Y A

98(a): c c ac c /aa b aa/ b bc b b/cc.

99(a):
C A L C U T T A
↓+4 ↓+4 ↓+4 ↓+4 ↓+4 ↓+4 ↓+4 ↓+4
G E P G Y X X E
একইভাবে, B O M B A Y
↓+4 ↓+4 ↓+4 ↓+4 ↓+4 ↓+4
F S Q F E C

*প্রস্তুত করেছেন: এস্পা কাঁড়ার*

www.banglajobgudekhtp:me/SuccessSummJoin http:me/BanglaJobGuide htp:me/BangoSongbad



## রাজ্যের সরকারি হাসপাতালে ২৮৪২

*প্রথম পাতার পর*

৭২, ও বি সি-বি ৫২, দৈহিক প্রতিবন্ধী ২৩)।

সিরিয়াল নম্বর ৫: **অপ্টোমেট্রি:** ১২২টি (সাধারণ ৬৬, তফসিলি জাতি ২৮, তফসিলি উপজাতি ৭, ও বি সি-এ ১২, ও বি সি-বি ৯)।

সিরিয়াল নম্বর ৩: **ফার্মাসিস্ট:** ৫৯০টি (সাধারণ ৩০৪, তফসিলি জাতি ১৩১, তফসিলি উপজাতি ৩৫, ও বি সি-এ ৫৯, ও বি সি-বি ৪২, দৈহিক প্রতিবন্ধী ১৯)।

সিরিয়াল নম্বর ৪: **ফিজিওথেরাপিস্ট গ্রেড-থ্রি:** ১৯৩টি (সাধারণ ৯৯, তফসিলি জাতি ৪৪, তফসিলি উপজাতি ১১, ও বি সি-এ ১৯, ও বি সি-বি ১৪, দৈহিক প্রতিবন্ধী ৬)।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhrb.in অনলাইন দরখাস্ত করা যাবে সিরিয়াল নম্বর ১-এর ক্ষেত্রে ২৮ মে থেকে ৬ জুন, সিরিয়াল নম্বর ২-এর ক্ষেত্রে ৮ জুন থেকে ১৮ জুন, সিরিয়াল নম্বর ৩-এর ক্ষেত্রে ১৯ জুন থেকে ২৮ জুন, সিরিয়াল নম্বর ৪-এর ক্ষেত্রে ৩০ জুন থেকে ৯ জুলাই এবং সিরিয়াল নম্বর ৫-এর ক্ষেত্রে ১১ জুলাই থেকে ২০ জুলাই পর্যন্ত।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহী প্রার্থীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## সাউথ ইন্ডিয়ান ব্যাঙ্কে ১৫০ প্রবেশনারি অফিসার

*প্রথম পাতার পর*

ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা নেওয়া হতে পারে জুনে। অনলাইন পরীক্ষায় ৪০টি করে প্রশ্ন হবে এই সব বিষয়ে (ব্র্যাকেটে সময়সীমা): রিজনিং অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড (৪০ মিনিট), জেনারেল/ইকনমি/ব্যাঙ্কিং অ্যাওয়্যারনেস (২০ মিনিট), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৪০ মিনিট) এবং ডেটা অ্যানালিসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন (৪০ মিনিট)। নেগেটিভ মার্কিং আছে। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: কলকাতা, বৃহত্তর কলকাতা, দুর্গাপুর, হাওড়া এবং শিলিগুড়ি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.southindianbank.com প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৫ মে। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন পাসপোর্ট মাপের ফটো (২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে, ২০ থেকে ৫০ কেবি সাইজের মধ্যে) এবং কালো কালিতে করা সই (১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে, ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইন ব্যবস্থায় দিতে হবে ৮০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২০০ টাকা)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং বা আই এম পি এস বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## পূর্ব মেদিনীপুর জেলায় নার্স ও ডাক্তার

পূর্ব মেদিনীপুর জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি ১৯ জন নার্স ও ডাক্তার নিয়োগ করবে। চুক্তিতে নিয়োগ হবে ন্যাশনাল হেলথ মিশন, ন্যাশনাল আর্বান হেলথ মিশন প্রকল্পে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: DH&FWS/MID-E/311/I/2018-19.

শূন্যপদের বিবরণ: ন্যাশনাল আর্বান হেলথ মিশন: **স্টাফ নার্স:** ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১, ও বি সি-বি ১)। শিক্ষাগত যোগ্যতা: ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল দ্বারা স্বীকৃত কোনও প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারিতে ডিপ্লোমা। স্থানীয় ভাষায় জ্ঞান থাকতে হবে। স্থানীয় প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। বয়স: ১-১-২০১৮ তারিখে ৬৪ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ১৭,২২০ টাকা।

**ফুল টাইম মেডিক্যাল অফিসার:** ৪টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: এম বি বি এস, সঙ্গে কম্পালসরি ইন্টার্নশিপ সম্পূর্ণ করে থাকতে হবে। মেডিক্যাল কাউন্সিল অব ইন্ডিয়ায় নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স: ১-১-২০১৮ তারিখে ৬৩ বছরের মধ্যে হতে হবে। তফসিলি এবং ও বি সিরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বেতন: প্রতি মাসে ৪০,০০০ টাকা।

ন্যাশনাল হেলথ মিশন: **জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার:** ৪টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: মেডিক্যাল কাউন্সিল অব ইন্ডিয়া কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে এম বি বি এস। বয়স: ১-১-২০১৮ তারিখে ৬৩ বছরের মধ্যে হতে হবে। তফসিলি এবং ও বি সিরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বেতন: প্রতি মাসে ৪০,০০০ টাকা।

প্রাথমিকভাবে চুক্তির মেয়াদ ২০১৯-এর ৩১ মার্চ পর্যন্ত। প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.wbhealth.gov.in আবেদনপত্র পূরণ করবেন যথাযথভাবে।

### পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন

- ✓ প্রার্থীর এক কপি রঙিন পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। ফটোটি দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
- ✓ ভোটার কার্ড বা আধার কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
- ✓ বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ডের স্বপ্রত্যয়িত নকল।
- ✓ শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র হিসেবে যাবতীয় মার্কশিটের স্বপ্রত্যয়িত নকল।
- ✓ কাজের অভিজ্ঞতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ✓ নো অবজেকশন সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

পূরণ করা দরখাস্ত ও নথিপত্র ভরা খামের ওপর যে-পদের জন্য আবেদন করছেন তার নাম লিখে দেবেন। প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত ৪ জুনের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Office of the CMOH & Secretary, District Health & Family Welfare Samiti, Purba Medinipur, Pin-721 636.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ইন্ডিয়ান অয়েলে জুনিয়র অপারেটর

৫৮ জন জুনিয়র অপারেটর এবং জুনিয়র অপারেটর (অ্যাভিয়েশন) নেবে ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন। নিয়োগ হবে দক্ষিণ ভারতের বিভিন্ন রাজ্যে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: IOCL/MKTG/SR/REC/2018/1-Phase-II.

**জুনিয়র অপারেটর (গ্রেড-ওয়ান):** রাজ্য অনুসারে শূন্যপদ: পোস্ট কোড ০১: অন্ধ্রপ্রদেশ ৪টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১)। পোস্ট কোড ০২: তেলঙ্গানা ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। পোস্ট কোড ০৩: কর্নাটক ১০টি (সাধারণ ৬, তফসিলি জাতিভুক্ত প্রাক্তন সমরকর্মী ১, ও বি সি ৩)। ও বি সি ক্যাটেগরিভুক্ত ১টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মী প্রার্থীর জন্য সংরক্ষিত হবে। পোস্ট কোড ০৪: কেরল ১টি (ও বি সি)। পোস্ট কোড ০৫: তামিলনাড়ু ও পুদুচেরী ৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ২)। সাধারণ এবং ও বি সি ক্যাটেগরির একটি করে শূন্যপদ প্রাক্তন সমরকর্মী প্রার্থীদের জন্য সংরক্ষিত হবে।

**জুনিয়র অপারেটর (অ্যাভিয়েশন) গ্রেড-ওয়ান:** রাজ্য অনুসারে শূন্যপদ: পোস্ট কোড ০৬: অন্ধ্রপ্রদেশ ১টি (সাধারণ)। পোস্ট কোড ০৭: তেলঙ্গানা ২টি (সাধারণ)। পোস্ট কোড ০৮: কর্নাটক ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। পোস্ট কোড ০৯: কেরল ১টি (সাধারণ)। পোস্ট কোড ১০: তামিলনাড়ু ও পুদুচেরী ২৩টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৪, ও বি সি ৫)। তফসিলি জাতি এবং ও বি সি ক্যাটেগরির প্রাক্তন সমরকর্মীদের জন্য যথাক্রমে ২টি ও ১টি শূন্যপদ সংরক্ষিত হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** জুনিয়র অপারেটর গ্রেড ওয়ান পদের ক্ষেত্রে মাধ্যমিক। সেইসঙ্গে ইলেক্ট্রনিক্স মেকানিক, ইনস্ট্রুমেন্ট মেকানিক, ইলেক্ট্রিশিয়ান, মেশিনিস্ট এবং ফিটার ট্রেডের কোনও একটিতে ২ বছরের আই টি আই কোর্স পাশ। সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ২ বছরের আই টি আই কোর্সের পরে অ্যাপ্রেন্টিস অ্যাক্ট অনুসারে ট্রেনিং নিয়ে থাকলে তা অভিজ্ঞতা হিসেবে গণ্য হবে। এক্ষেত্রে ন্যাশনাল অ্যাপ্রেন্টিস সার্টিফিকেট থাকতে হবে।

জুনিয়র অপারেটর (অ্যাভিয়েশন) গ্রেড-ওয়ান পদের ক্ষেত্রে মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ উচ্চমাধ্যমিক। হেভি ভেহিক্যল ড্রাইভিং লাইসেন্স এবং হেভি ভেহিক্যল চালানোর অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ৩১-৫-২০১৮ তারিখে ১৮ থেকে ২৬ বছরের মধ্যে হতে হবে। বয়সে তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** উভয় পদের ক্ষেত্রেই ১০,৫০০-২৪,৫০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং সংশ্লিষ্ট ট্রেডে দক্ষতা যাচাইয়ের মাধ্যমে।

লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস ধাঁচের ১০০টি প্রশ্ন হবে। প্রতি প্রশ্নের মান ১। ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং হবে না। প্রশ্ন হবে এইসব বিষয়ে: কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড-সহ জেনেরিক অ্যাপ্টিটিউড, রিজনিং এবং বেসিক ইংলিশ ল্যাঙ্গুয়েজ। জুনিয়র অপারেটর গ্রেড-ওয়ান পদের ক্ষেত্রে সেইসঙ্গে থাকবে সংশ্লিষ্ট আই টি আই ট্রেড-সংক্রান্ত প্রশ্ন। লিখিত পরীক্ষা ১৫ জুলাই। ফলাফল প্রকাশিত হবে ৩০ জুলাই। স্কিল টেস্ট ১৬-১৮ অগস্ট।

অনলাইন দরখাস্ত করতে হবে। ২৬ মে থেকে অনলাইন দরখাস্ত করা যাবে। অনলাইন দরখাস্তের লিঙ্ক পাওয়া যাবে এই ওয়েবসাইটে: www.iocl.com/PeopleCareers/job.aspx প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। ফি বাবদ শুধু সাধারণ এবং ও বি সি প্রার্থীদের দিতে হবে ১৫০ টাকা। সঙ্গে প্রযোজ্য হারে যুক্ত হবে ব্যাঙ্ক চার্জ। অনলাইনেই এস বি আই কালেক্ট পেমেন্ট গেট ওয়ের মাধ্যমে ফি দিতে হবে।

অনলাইন দরখাস্ত করতে বসার আগে স্ক্যান করার পরে সেভ করবেন এইসব নথিপত্র: মাধ্যমিকের সার্টিফিকেট বা মার্কশিট, প্রতি সেমেস্টার বা বছরের মার্কশিট-সহ আই টি আই এবং উচ্চমাধ্যমিকের মার্কশিট, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি সার্টিফিকেট, প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে সার্ভিস বুক ও ডিসচার্জ সার্টিফিকেট। প্রতিটি সার্টিফিকেট স্বপ্রত্যয়িত হতে হবে। নথিপত্রের ফাইল সাইজ ১০০ কেবি-র মধ্যে থাকতে হবে। এছাড়াও স্ক্যান করার পর আপলোড করবেন একটি রঙিন ফটো ও কালো কালিতে করা সই, সাইজ হতে হবে ৫০ কেবি-র মধ্যে। অনলাইন দরখাস্তের শেষ দিন ১৬ জুন।

## ইন্দিরা গান্ধী সেন্টার ফর অ্যাটমিক রিসার্চে ২১০ স্টাইপেন্ডারি ট্রেনি, ক্লার্ক ও স্টেনোগ্রাফার

*প্রথম পাতার পর*

**মেকানিক্যাল:** শূন্যপদ ১৬টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

**ইলেক্ট্রিক্যাল:** শূন্যপদ ৮টি (সাধারণ ২, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা।

**কেমিস্ট্রি (ল্যাবরেটরি):** শূন্যপদ ৮টি (সাধারণ ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৩)। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ কেমিস্ট্রিতে বি এসসি ডিগ্রি। সেই সঙ্গে স্নাতকস্তরে অবশ্যই ফিজিক্স বা ম্যাথমেটিক্স বা বায়োলজি অন্যতম বিষয় হিসেবে পড়ে থাকতে হবে।

**বায়োসায়েন্স:** শূন্যপদ ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বায়ো-কেমিস্ট্রি বা বায়ো-সায়েন্স বা মাইক্রো বায়োলজি বা বায়ো টেকনোলজিতে বি এসসি ডিগ্রি।

**ক্যাটেগরি-টু: প্রসেস/প্ল্যান্ট অপারেটর:** শূন্যপদ ৬০টি (সাধারণ ৩০, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৭)। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক। অবশ্যই ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথমেটিক্স পড়ে থাকতে হবে।

**ইলেক্ট্রিক্যাল:** শূন্যপদ ২৮টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। **মেকানিক্যাল (ফিটার):** শূন্যপদ ৩৪টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ১২)। **টার্নার:** শূন্যপদ ৪টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। **মেশিনিস্ট:** শূন্যপদ ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। **ওয়েল্ডার:** শূন্যপদ ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। **ড্রাফ্টসম্যান (সিভিল/মেকানিক্যাল):** শূন্যপদ ২টি (সাধারণ ১, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: উপরোক্ত সবক'টি শাখার ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে সার্টিফিকেট। এ ছাড়া সংশ্লিষ্ট ট্রেডে ২ বছরের ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট বা ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেটধারীরাও আবেদনের যোগ্য। ১ বছর মেয়াদের ন্যাশনাল ট্রেড সার্টিফিকেটধারীরা ১ বছরের অভিজ্ঞতা থাকলেও দরখাস্ত করতে পারেন। ১ বছরের ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট, সঙ্গে ১ বছরের ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেটধারীদের আবেদনও গ্রাহ্য হবে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা ১৫২ সেমি (মহিলাদের ক্ষেত্রে ১৪৮ সেমি)। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। **দৃষ্টিশক্তি:** দূরের ক্ষেত্রে চশমা ছাড়া ৬/১৮, ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। কাছের ক্ষেত্রে চশমা ছাড়া এন-৮, এন-৬ পর্যন্ত সংশোধনযোগ্য। রাতকানা রোগ বা বর্ণান্ধতা থাকলে চলবে না।

**বয়স:** ২৫-৬-২০১৮ তারিখে ক্যাটেগরি-ওয়ানের ক্ষেত্রে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে এবং ক্যাটেগরি-টুর ক্ষেত্রে ১৮ থেকে ২২ বছরের মধ্যে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** ট্রেনিং চলাকালীন প্রথম ও দ্বিতীয় বর্ষে ক্যাটেগরি-ওয়ানের ক্ষেত্রে যথাক্রমে ১৬,০০০ ও ১৮,০০০ টাকা এবং ক্যাটেগরি-টুর ক্ষেত্রে যথাক্রমে ১০,৫০০ ও ১২,৫০০টাকা। সফল ট্রেনিং শেষে ক্যাটেগরি-ওয়ানের প্রার্থীরা সায়েন্টিফিক অ্যাসিস্ট্যান্ট/সি পদে নিয়োগ পাবেন। তখন শুরুতে বেতন: ৪৪,৯০০ টাকা। ক্যাটেগরি-টুর প্রার্থীরা টেকনিশিয়ান 'বি' ও 'সি' পদে নিযুক্ত হবেন। তখন শুরুতে বেতন: টেকনিশিয়ান 'বি'-র ক্ষেত্রে ২১,৭০০ টাকা এবং টেকনিশিয়ান 'সি'-র ক্ষেত্রে ২৫,৫০০ টাকা। সবক্ষেত্রেই অন্যান্য সুযোগ-সুবিধা পাওয়া যাবে।

প্রার্থী বাছাই করা হবে ক্যাটেগরি-ওয়ানের ক্ষেত্রে একটি লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষায় প্রশ্ন হবে সাইকোমেট্রিক, অ্যাপ্টিটিউড, জেনারেল নলেজ, সায়েন্স ও সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক। অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে। সময় ২ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। ক্যাটেগরি-টুর ক্ষেত্রে প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের লিখিত পরীক্ষা ও স্কিল টেস্টের মাধ্যমে। প্রথম পর্যায়ের পরীক্ষায় থাকবে ম্যাথমেটিক্স, সায়েন্স ও জেনারেল অ্যাওয়্যারনেস বিষয়ে প্রশ্ন। দ্বিতীয় পর্যায়ের লিখিত পরীক্ষায় প্রশ্ন থাকবে সংশ্লিষ্ট বিষয় থেকে। উভয় পর্যায়েই ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। লিখিত পরীক্ষার কেন্দ্রগুলি হল মুম্বই, চেন্নাই, হায়দরাবাদ, ভুবনেশ্বর ও কোটা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই দু'টি ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.hwb.gov.in, hwb.mahaonline.gov.in অনলাইন দরখাস্ত করা যাবে ২৬ মে থেকে ২৫ জুন পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন মাধ্যমে ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী প্রার্থীদের ফি দিতে লাগবে না। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## দিল্লি এইমসে ১৯২ ডাক্তার

*প্রথম পাতার পর*

বিভাগে: ব্লাড ব্যাঙ্ক, বার্নস অ্যান্ড প্লাস্টিক সার্জারি, কার্ডিয়াক্রেডিওলজি, কার্ডিওলজি, কমিউনিটি মেডিসিন, সি টি ভি এস, ডার্মাটোলজি অ্যান্ড ভেনেরিওলজি, ইমার্জেন্সি হেলথ সার্ভিস, ইমার্জেন্সি মেডিসিন, জেরিয়াট্রিক মেডিসিন, ল্যাবরেটরি মেডিসিন, নেফ্রোলজি, নিউরোলজি, নিউরোসার্জারি, নিউরোরেডিওলজি, অর্থোপেডিক্স, পেডিয়াট্রিক্স, সাইকিয়াট্রি, রেডিওলজি, রেডিওথেরাপি, রিউম্যাটোলজি, সার্জারি (ট্রমা সেন্টার) এবং ডেন্টাল সার্জারি।

**বেতন:** প্রতি মাসে ৫৬,১০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রাথমিকভাবে এইমস থেকে স্নাতক প্রার্থীদের দিয়ে শূন্যপদ পূরণ করা হবে। তারপরও শূন্যপদ থাকলে তার জন্য বিবেচিত হবেন ২০১৮-র মে মাসে অনুষ্ঠিত এইমস পি জি এন্ট্রান্স এক্সামিনেশনে র‍্যাঙ্ক পাওয়া প্রার্থীরা। এরপরও বাকি থাকা শূন্যপদে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে কাউন্সেলিংয়ের মাধ্যমে। কাউন্সেলিং ২১ জুন, দিল্লিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটগুলির যে-কোনও একটির মাধ্যমে: www.aiims.ac.in বা www.aiims.edu বা www.aiimsexams.org প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদন করা যাবে ৫ জুন পর্যন্ত।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

আবেদনের পদ্ধতি এবং অন্যান্য তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.aiimsexams.org

www.banglajobgudekhtp:me/SuccessSummJoin http:me/BanglaJobGuide htp:me/BangoSongbad



# পশ্চিমবঙ্গের ২১৭৫ তরুণ-তরুণীকে নার্সিং ট্রেনিং

প্রথম পাতার পর

প্রশিক্ষণের প্রথম ১ বছর প্রার্থীর নিজেকেই থাকার ব্যবস্থা করে নিতে হবে। পরের ২ বছরের কোর্স আবাসিক। থাকতে হবে প্রশিক্ষণ বিদ্যালয়ে। থাকার খরচ বাবদ মাসে ১২ টাকা দিতে হবে। খাওয়ার খরচ পরে জানিয়ে দেওয়া হবে। একটির বেশি প্রশিক্ষণ কেন্দ্রে আবেদন করবেন না। প্রশিক্ষণ শেষে সরকার চাকরি দিতে বাধ্য থাকবে না।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান সাদা ফুলস্ক্যাপ কাগজের একপিঠে টাইপ করবেন। পূরণ করবেন নিজের হাতে লিখে।

রেজিস্টার্ড অথবা স্পিড পোস্ট অথবা ক্যুরিয়ারে প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র পৌঁছনো চাই ৩১ মে-র মধ্যে। তরুণীরা নিজেদের জেলার নির্দিষ্ট নার্সিং ট্রেনিং স্কুলে দরখাস্ত পাঠাবেন।

জেলা অনুসারে নার্সিং ট্রেনিং স্কুলের ঠিকানা: (ক) দার্জিলিং (দার্জিলিং ও কার্শিয়াং মহকুমা) ও কালিম্পং: দ্য সিনিয়র সিস্টার টিউটর, নার্সিং ট্রেনিং স্কুল, দার্জিলিং জেলা হাসপাতাল, পোঃ ও জেলা: দার্জিলিং, পিন-৭৩৪ ১০১। (খ) কোচবিহার, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি ও দার্জিলিং জেলার শিলিগুড়ি মহকুমা: দ্য প্রিন্সিপাল নার্সিং অফিসার, নার্সিং ট্রেনিং স্কুল, জলপাইগুড়ি জেলা হাসপাতাল, পোঃ ও জেলা-জলপাইগুড়ি, পিন-৭৩৫ ১০১। (গ) উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর ও মালদা: দ্য প্রিন্সিপাল নার্সিং অফিসার, নার্সিং ট্রেনিং স্কুল, দক্ষিণ দিনাজপুর জেলা হাসপাতাল, বালুরঘাট, পোঃ বালুরঘাট, জেলা-দক্ষিণ দিনাজপুর, পিন-৭৩৩ ১২৪। (ঘ) মুর্শিদাবাদ ও নদিয়া: দ্য প্রিন্সিপাল নার্সিং অফিসার, নার্সিং ট্রেনিং স্কুল, জেলা হাসপাতাল, নদিয়া, শক্তিনগর, পোঃ কৃষ্ণনগর, জেলা: নদিয়া, পিন-৭৪১ ১০১। (ঙ) পুরুলিয়া ও বাঁকুড়া: দ্য প্রিন্সিপাল নার্সিং অফিসার, বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ অ্যান্ড হসপিটাল, পোঃ ও জেলা: বাঁকুড়া, পিন-৭২২ ১০১। (চ) বীরভূম ও বর্ধমান: দ্য প্রিন্সিপাল নার্সিং অফিসার, নার্সিং ট্রেনিং স্কুল, বর্ধমান মেডিক্যাল কলেজ অ্যান্ড হসপিটাল, পোঃ ও জেলা: বর্ধমান, পিন-৭১৩ ১০১। (ছ) পশ্চিম মেদিনীপুর ও পূর্ব মেদিনীপুর: দ্য প্রিন্সিপাল নার্সিং অফিসার, নার্সিং ট্রেনিং স্কুল, পূর্ব মেদিনীপুর জেলা হাসপাতাল, পোঃ তমলুক, জেলা-পূর্ব মেদিনীপুর, পিন-৭২১ ৬৩৬। (জ) হাওড়া ও হুগলি: দ্য সিনিয়র সিস্টার টিউটর, নার্সিং ট্রেনিং স্কুল, হুগলি জেলা হাসপাতাল, পোঃ চুঁচুড়া, জেলা: হুগলি, পিন-৭১২ ১০১। (ঝ) উত্তর ২৪ পরগনা ও দক্ষিণ ২৪ পরগনা: দ্য সিনিয়র সিস্টার টিউটর, নার্সিং ট্রেনিং স্কুল, এম আর বাঙুর হাসপাতাল, টালিগঞ্জ, কলকাতা- ৭০০ ০৩৩। (ঞ) কলকাতা: দ্য সিনিয়র সিস্টার টিউটর, নার্সিং ট্রেনিং স্কুল, আর জি কর মেডিক্যাল কলেজ অ্যান্ড হসপিটাল, ১, ক্ষুদিরাম বোস সরণি, কলকাতা-৭০০ ০০৪।

পশ্চিমবঙ্গের যে-কোনও জেলায় বসবাসকারী অনাথ আশ্রম নিবাসী অরফ্যানেজ কোটায় অন্তর্ভুক্ত মহিলা প্রার্থীরা দরখাস্ত পাঠাবেন এই ঠিকানায়: দ্য সিনিয়র সিস্টার টিউটর, নার্সিং ট্রেনিং স্কুল, আর জি কর মেডিক্যাল কলেজ অ্যান্ড হসপিটাল, ১, ক্ষুদিরাম বোস সরণি, কলকাতা-৭০০ ০০৪।

পশ্চিমবঙ্গের যে-কোনও জেলায় বসবাসকারী মহিলা সিভিল ডিফেন্স কোটায় অন্তর্ভুক্ত প্রার্থীরা দরখাস্ত পাঠাবেন এই ঠিকানায়: দ্য সিনিয়র সিস্টার টিউটর, নার্সিং ট্রেনিং স্কুল, আর জি কর মেডিক্যাল কলেজ অ্যান্ড হসপিটাল, ১, ক্ষুদিরাম বোস সরণি, কলকাতা-৭০০ ০০৪।

তরুণরা দরখাস্ত পাঠাবেন এই ঠিকানায়: দ্য সিনিয়র সিস্টার টিউটর, নার্সিং ট্রেনিং স্কুল, অশোক নগর স্টেট জেনারেল হসপিটাল, পোঃ অশোক নগর, জেলা- উত্তর চব্বিশ পরগনা, পিন- ৭৪৩ ২২২।

**পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন:** ✓প্রার্থী কর্তৃক স্বাক্ষরিত একটি পাসপোর্ট মাপের রঙিন ফটো। ফটোটি আবেদনপত্রের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। ✓উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষার মার্কশিটের স্বপ্রত্যয়িত নকল। ✓বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিক বা সমতুল পরীক্ষার সার্টিফিকেট বা অ্যাডমিট কার্ডের স্বপ্রত্যয়িত নকল। ✓নির্দিষ্ট বয়ানে পূরণ করা আবাসিক প্রমাণপত্র বা রেসিডেন্সিয়াল সার্টিফিকেট। এই সার্টিফিকেট নেবেন সংশ্লিষ্ট জেলার কোনও প্রথম শ্রেণির গেজেটেড অফিসার/স্থানীয় পঞ্চায়েত সমিতির সভাপতি/স্থানীয় জেলা পরিষদের সভাধিপতি/গ্রাম পঞ্চায়েতের প্রধান/স্থানীয় বিধায়ক/ স্থানীয় সাংসদ/পুরসভার চেয়ারম্যান/মেয়র/পৌর নিগমের কাউন্সিলরের কাছ থেকে। মূল সার্টিফিকেটটিও আবেদনপত্রের সঙ্গে পাঠিয়ে দিতে হবে। ✓উপযুক্ত কর্তৃপক্ষের কাছ থেকে পাওয়া কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓সিভিল ডিফেন্সের ট্রেনিংপ্রাপ্তদের ক্ষেত্রে বিভাগীয় ভারপ্রাপ্ত আধিকারিকের কাছ থেকে নেওয়া সিভিল ডিফেন্স ট্রেনিংয়ের সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল এবং সিভিল ডিফেন্স ক্যাজুয়াল্টি সার্ভিসের কমান্ডিং অফিসারের কাছ থেকে নেওয়া ক্যাজুয়াল্টি সার্ভিসের মেম্বারশিপ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল। এই সার্টিফিকেটে ক্রমিক নম্বরের উল্লেখ থাকতে হবে। ✓প্রযোজ্য ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের সমাজকল্যাণ দপ্তর কর্তৃক স্বীকৃত অনাথ আশ্রমে বসবাসের প্রমাণস্বরূপ আশ্রমের ভারপ্রাপ্ত সর্বোচ্চ পদাধিকারী (সুপারিন্টেন্ডেন্ট) প্রদত্ত মূল আবাসিক সার্টিফিকেট। ✓নিজের নাম-ঠিকানা লেখা ও প্রয়োজনীয় মূল্যের ডাকটিকিট সাঁটানো একটি খাম।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.wbhealth.gov.in

*স্থায়ী বসবাসের সার্টিফিকেট ও আবেদনপত্রের বয়ান:*

17) <u>Pro-forma for Residential Certificate:</u> (Applicable to the candidate of all categories).
I hereby certify that I personally know Sri / Smt .......................... S/o, D/o ............................He/She is a citizen of India and has been residing in the district of .................. in West Bengal for at least five years till date. His/Her present address is..........................................................................

Date :
Place:

Signature of Competent Authority
With Office seal and date

18) **Pro-forma of Application**
**Application for Admission to the General Nursing and Midwifery Course for the Session September, 2018 to August, 2021.**
**(Applied for ........................................ District)**

To
The Principal Nursing Officer/Senior Sister Tutor,
Nursing Training School attached to
.......................................... Hospital
P. O. ...................... Dist ........................

Enrolment No. .............................................
(To be filled in by the Training School Concerned)

Affix here self signed recent colour passport size Photograph

Madam,

I like to be admitted to the General Nursing & Midwifery Training Course for ensuing Session September, 2018 to August, 2021. In this connection the requisite particulars and documents are given below:

1. Name (In block letters) :
2. Father's Name :
3. Guardian's Name :
4. Present Address (With Pin Code and Phone No.) :
5. Permanent Address (With Pin Code) :
6. Date of Birth :
7. Age (As on 01.01.2018) :
8. Religion :
9. Qualification :
10. Details of H.S. Examination (10 + 2) or Equivalent Exam.

| Name & Address of the School | Name of the Board/Council | Roll No. (mentioned in Admit Card) | Year of Passing | Total Marks (Aggregate) (Excepting Environmental Studies) | Total Marks obtained in [Languages (out of which Eng must be one) + 3 Elective subjects (best three except Environmental Studies)] | Percentage of marks as in column (f) subjects |
|---|---|---|---|---|---|---|
| a | b | c | d | e | f | g |
| | | | | | | |

11. Whether belong to SC/ST/ OBC-A/OBC-B Category : Yes/No [please (✓) on whichever is applicable] (If yes, detailed statement and documents in support of the statement).
12. Whether an inmate of the Destitute home/Orphanage recognized by the Govt. of West Bengal (for **female** candidates only) : Yes/No [please (✓) on whichever is applicable] (If yes details of statement)

| Name & Address of Home & Registration No. | Number & date of the order for her inclusion | Period of inmate-ship | Specific statement of her inmate-ship if transferred from one home to other during last 5 years | Name of the father/mother/ local guardian and address before her inmate-ship | Whether applied other than under Orphanage quota anywhere else for Nursing training for this session |
|---|---|---|---|---|---|
| a | b | c | d | e | f |
| | | | | | |

13. Whether availing Civil Defence Volunteers Training (for **female** candidates only) : Yes/No [please (✓) on whichever is applicable] (If yes details particulars)

| Name & Address of the Training Centre | Year & period of Training | Sl. No. of certificate to the effect of Training | Name & Designation of the Officer issued certificate | Whether already engaged anywhere by virtue of Training, if so details | Whether applied other than under Civil Defence quota anywhere else for Nursing training for this session |
|---|---|---|---|---|---|
| a | b | c | d | e | f |
| | | | | | |

14. Marital Status (Strike out which are not applicable) : Unmarried/Married/Widow/Divorcee /legally Separated.
15. Declaration: I hereby declare that above mentioned particulars furnished by me are true to the best of my knowledge and belief. I am able to read, write and speak in Bengali/Nepali. (✓ which one is applicable.)

Yours faithfully,

Date:
Place:

Signature of the Applicant

Mobile No / Phone No.

# ন্যাশনাল ফার্টিলাইজার্সে ১১৭

প্রথম পাতার পর

পোস্ট কোড ০২: **মেকানিক্যাল:** ১০টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ অস্থিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। পোস্ট কোড ০৩: **ইলেক্ট্রিক্যাল:** ৩টি (সাধারণ ২, তফসিলি জাতি ১)। পোস্ট কোড ০৪: **ইনস্ট্রুমেন্টেশন:** ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ও বি সি ৩)। মোট শূন্যপদের মধ্যে ৮টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

বিজয়পুর: পোস্ট কোড ০১: **প্রোডাকশন:** ১০টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ১)। পোস্ট কোড ০২: **মেকানিক্যাল:** ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৩, ও বি সি ২)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। পোস্ট কোড ০৩: **ইলেক্ট্রিক্যাল:** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। এর মধ্যে ১টি শূন্যপদ শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। পোস্ট কোড ০৪: **ইনস্ট্রুমেন্টেশন:** ৫টি (সাধারণ ৪, তফসিলি উপজাতি ১)। মোট শূন্যপদের মধ্যে ৪টি প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শাখানুসারে শিক্ষাগত যোগ্যতা:** প্রোডাকশন: ফিজিক্স, কেমিস্ট্রি এবং ম্যাথমেটিক্স-সহ বি এসসি অথবা কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে তিন বছরের ডিপ্লোমা।

মেকানিক্যাল: মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে তিন বছরের ডিপ্লোমা।

ইলেক্ট্রিক্যাল: ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ে তিন বছরের ডিপ্লোমা।

ইনস্ট্রুমেন্টেশন: ইনস্ট্রুমেন্টেশন বা ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রনিক্স ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল বা ইন্ডাস্ট্রিয়াল ইনস্ট্রুমেন্টেশন বা প্রসেস কন্ট্রোল ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল বা অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিংয়ে তিন বছরের ডিপ্লোমা।

সব ক্ষেত্রেই অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

**বয়স:** ৩১-৫-২০১৮ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৯,০০০-১৬,৪০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে একটি কম্পিউটারভিত্তিক অনলাইন পরীক্ষার মাধ্যমে। অনলাইন পরীক্ষার সম্ভাব্য তারিখ ৭ জুলাই। পরীক্ষাকেন্দ্রগুলি হল: পাটনা, হায়দরাবাদ, দিল্লি, চণ্ডীগড়, ভোপাল, ভাতিন্ডা, পানিপত, লখনউ, গোয়ালিয়র এবং জম্মু-কাশ্মীর। পরীক্ষা (১৫০ নম্বর) নেওয়া হবে দু'টি পার্টে। প্রথম পার্টে সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক এবং দ্বিতীয় পার্টে জেনারেল ইংলিশ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, রিজনিং এবং জেনারেল অ্যাওয়্যারনেস/জেনারেল নলেজ বিষয়ে প্রশ্ন আসবে। নেগেটিভ মার্কিং নেই। পরীক্ষার সময়সীমা ২ ঘণ্টা। পরীক্ষার অ্যাডমিট কার্ড ২৪ জুন থেকে ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.nationalfertilizers.com

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nationalfertilizers.com প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৭ জুন। মনে রাখবেন, অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর জেপেগ বা জে পি জি ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (৫০ কেবি সাইজের মধ্যে), সই (২০ কেবি সাইজের মধ্যে), বয়সের প্রমাণপত্র হিসেবে মাধ্যমিকের সার্টিফিকেট, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট এবং ও বি সি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেট (১ এমবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে দিতে হবে ২০০ টাকা। ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত ৩৫ টাকা। তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। অনলাইনে ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। দরখাস্তের এবং ই-রিসিপ্টের প্রিন্ট আউট কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# নিখরচায় রক্তবিজ্ঞান এবং স্বেচ্ছায় মানুষকে রক্তদানে উৎসাহিত করার প্রশিক্ষণ

রক্তবিজ্ঞান, নিরাপদ রক্তদাতা সংগ্রহ ও স্বেচ্ছায় রক্তদানে মানুষকে উৎসাহিত করার বিষয়ে ডিপ্লোমা কোর্সে প্রশিক্ষণ দেবে অ্যাসোসিয়েশন অব ভলান্টারি ব্লাড ডোনার্স। প্রশিক্ষণটির পুরো নাম: রক্তদাতা উদ্বুদ্ধকরণ ও রক্তবিজ্ঞান। অন্তত মাধ্যমিক পাশ হলেই আবেদন করা যাবে। প্রশিক্ষণ দেওয়া হবে জুলাই থেকে সেপ্টেম্বর পর্যন্ত। ক্লাস হবে শনি ও রবিবার দুপুর ২টো ৩০ মিনিট থেকে বিকেল ৫টা ৩০ মিনিট পর্যন্ত। রেজিস্ট্রেশন ফি ৫০ টাকা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। নগদে ১০ টাকার বিনিময়ে আবেদনের ফর্ম সংগ্রহ করতে পারবেন এই ঠিকানা থেকে: অ্যাসোসিয়েশন অব ভলান্টারি ব্লাড ডোনার্স ওয়েস্ট বেঙ্গল, ২০ এ, ফরডাইস লেন, কলকাতা-৭০০ ০১৪ (শিয়ালদা প্রাচী প্রেক্ষাগৃহের পিছনে)।

যে-কোনও কাজের দিন বিকেল ৫টা থেকে রাত ৮টার মধ্যে ফর্ম সংগ্রহ করা যাবে। ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ ৯ জুন।

বিশদ তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ২২২৭ ১০২২/৭৮৮২।

www.banglajobgudekhtp:me/SuccessSummJoin http:me/BanglaJobGuide htp:me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

# যাদবপুর বিশ্ববিদ্যালয়ে রিমোট সেন্সিংয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি



যাদবপুর বিশ্ববিদ্যালয়ের স্কুল অব ওশানোগ্রাফিক স্টাডিজ বিভাগ 'রিমোট সেন্সিং অ্যান্ড জিওগ্রাফিক্যাল ইনফরমেশন সিস্টেম'-এর পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে। কোর্সের মেয়াদ ১ বছর। কোর্সটি শুরু হবে অগস্টে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় বি ই বা বি টেক অথবা অনার্স-সহ বি এ বা বি এসসি অথবা এম এ বা এম এসসি।

সরকারি নিয়মানুসারে তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত হবে।

**কোর্স ফি:** সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে সেমেস্টার প্রতি ৩০,০০০ টাকা এবং স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে সেমেস্টার প্রতি ৪০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল সায়েন্টিফিক অ্যাপ্টিটিউড বিষয়ে। পরীক্ষা ৪ জুলাই দুপুর ১২টা থেকে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.jaduniv.edu.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ১৩ জুন। অনলাইন ব্যবস্থায় ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৫ জুন।

অনলাইন আবেদন পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৪৫৭-২২১৯ (যে-কোনও কাজের দিন সকাল সাড়ে ১০টা থেকে বিকেল সাড়ে ৫টা)।

# যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ডেস্কটপ পাবলিশিং ও ডেটাবেস ম্যানেজমেন্টের সার্টিফিকেট কোর্স

শারীরিক প্রতিবন্ধী বা আর্থিকভাবে পিছিয়ে পড়া মাধ্যমিক পাশ তরুণ-তরুণীদের ডেস্কটপ পাবলিশিং এবং ডেটাবেস ম্যানেজমেন্টের সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সেরিব্রাল পালসি। কোর্সগুলি যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ডিপার্টমেন্ট অব অ্যাডাল্ট কন্টিনিউয়িং এডুকেশনের সঙ্গে যৌথ উদ্যোগে করানো হবে। কোর্স শুরু হবে ১১ জুন।

**শিক্ষাগত যোগ্যতা:** উভয় কোর্সের ক্ষেত্রেই ন্যূনতম মাধ্যমিক। শুধু শারীরিক প্রতিবন্ধী বা আর্থিকভাবে অনগ্রসর তরুণ-তরুণীরাই আবেদন করবেন।

**কোর্সের মেয়াদ:** ডেস্কটপ পাবলিশিং কোর্সের মেয়াদ ৪ সপ্তাহ এবং ডেটাবেস ম্যানেজমেন্ট কোর্সের মেয়াদ ২৪ সপ্তাহ।

**কোর্স ফি:** ডেস্কটপ পাবলিশিংয়ের ক্ষেত্রে ২,৬০০ টাকা এবং ডেটাবেস ম্যানেজমেন্টের ক্ষেত্রে ১,২০০ টাকা।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের ফর্ম যে-কোনও কাজের দিন সকাল ১০টা থেকে বিকেল ৪টে পর্যন্ত সংগ্রহ করা যাবে এই ঠিকানা থেকে: ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সেরিব্রাল পালসি, পি ৩৫/১, তারাতলা রোড, কলকাতা-৭০০ ০৮৮। যথাযথভাবে আবেদনপত্র পূরণ করে ৪ জুনের মধ্যে জমা দেবেন।

বিশদ তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ২৪০১ ৩৪৮৮/০২৪০ (এক্সটেনশন-২১৫)।














স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও আনন্দ অফসেট প্রাঃ লিঃ, জিএন ৩৯, সেক্টর ৫, সল্টলেক, কলকাতা-৯১, ভিস্তা প্রিন্ট প্রাঃ লিঃ, পরিবহণ নগর, মাটিগাড়া, শিলিগুড়ি, দার্জিলিং থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in Website: www.swarnakshar.in